আরও চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার ...পৃঃ ১১

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৩৭ কলকাতা বুধবার, ৮ এপ্রিল ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ২৪ চৈত্র ১৪৩২ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

# ১২ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ২২০০০ ক্লার্ক

**নিজস্ব প্রতিনিধি:** ২২ হাজারেরও বেশি কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট (ক্লার্ক) নেওয়া হবে দেশের ১২টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা চাকরির জন্য আবেদন করতে পারেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কর্মী নিয়োগের প্রক্রিয়া পরিচালনাকারী সংস্থা ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আইবিপিএস) সূত্র উল্লেখ করে অল ইন্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন তাদের একটি বিবৃতিতে (সার্কুলার নম্বর: ২৯/২৬০/২০২৬/২১) জানিয়েছে, দেশের ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটের মোট ১৫,৭৩৬টি শূন্যপদের হিসেব জমা

## সম্ভাব্য সূচি প্রকাশ করল আইবিপিএস

পড়েছে আইবিপিএসের কাছে। তবে, স্টেট ব্যাঙ্কে ক্লার্কের শূন্যপদের তথ্য এতে ধরা নেই। কারণ, স্টেট ব্যাঙ্ক আইবিপিএসের মাধ্যমে প্রার্থী বাছাই করে না। স্টেট ব্যাঙ্কে একই ক্যাডারে ৬,৫৮৯টি শূন্যপদকে ধরলে চলতি অর্থবর্ষে সামগ্রিক ভাবে দেশে বিভিন্ন ব্যাঙ্কে ২২,৩২৫ জন কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট নিয়োগ করা হবে বলে সর্বভারতীয় ব্যাঙ্ককর্মী সংগঠনের ওই বিবৃতিতে জানানো হয়েছে।

**আবেদন ও পরীক্ষার সম্ভাব্য সূচি**

আইবিপিএসের তরফে জানানো হয়েছে, স্টেট ব্যাঙ্ক ছাড়া বাকি ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট নিয়োগের জন্য এই সংস্থা প্রিলিমিনারি পরীক্ষা নেবে ১০ ও ১১ অক্টোবর। দরখাস্ত গ্রহণের প্রক্রিয়া শুরু হয়ে যাবে তার অনেক আগেই। মেন পরীক্ষা আয়োজিত হবে ডিসেম্বরের ২৭ তারিখে। জুলাই-অগস্ট নাগাদ স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়াও আলাদা করে একই ক্যাডারে নিয়োগের প্রক্রিয়া শুরু করবে বলে মনে করা হচ্ছে। প্রার্থী আইবিপিএসের পরীক্ষার সঙ্গে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া পরিচালিত পরীক্ষাতেও বসতে পারবেন।

**কোন ব্যাঙ্কে কত শূন্যপদ**

অল ইন্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়িজ

এরপর দুয়ের পাতায়

### পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্কে

# ৪০০ লোকাল ব্যাঙ্ক অফিসার

দেশ জুড়ে ১,০০০ লোকাল ব্যাঙ্ক অফিসার নেবে পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক। নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানে। প্রার্থীকে সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষা বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গ এবং যে-সব রাজ্যের স্থানীয় ভাষা হিন্দি, সেই রাজ্যগুলির জন্য নির্দিষ্ট মোট ৪০০টি শূন্যপদের বিষয়ে জানানো হল। প্রথমে ৬ মাসের প্রবেশন। কোনও ব্যাঙ্কে প্রার্থীর দেড় বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

রাজ্য অনুসারে শূন্যপদের বিন্যাস: পশ্চিমবঙ্গ (বাংলা): ৩০টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণ-সংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। ছত্তীসগড় (হিন্দি): ৮০টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১২, তফসিলি উপজাতি ৬, ওবিসি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। এর মধ্যে ১টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি ও শ্রবণ-সংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

এরপর দুয়ের পাতায়

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে কয়েক হাজার প্রবেশনারি অফিসার

## পরীক্ষার সূচি প্রকাশ করল আইবিপিএস

**নিজস্ব প্রতিনিধি:** ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে কয়েক হাজার প্রবেশনারি অফিসার ও ম্যানেজমেন্ট ট্রেনি নিয়োগের জন্য প্রার্থী বাছাইয়ের দুই পর্বের পরীক্ষার তারিখ জানাল ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। এই সংস্থাই প্রাথমিক প্রার্থী বাছাইয়ের দায়িত্বে রয়েছে।

ঘোষিত সূচি অনুসারে, ২০২৬ সালের প্রবেশনারি অফিসার ও ম্যানেজমেন্ট ট্রেনি পদের প্রিলিমিনারি পরীক্ষা ২২ ও ২৩ অগস্ট। মেন পরীক্ষা ৪ অক্টোবর। জুন মাস নাগাদ বিশদ বিজ্ঞপ্তি প্রকাশের সম্ভাবনা রয়েছে।

পাশাপাশি, স্টেট ব্যাঙ্কও এ বছর আলাদা করে প্রবেশনারি অফিসার নিয়োগ করবে। দেশের রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির মধ্যে কেবল স্টেট ব্যাঙ্কই নিজেদের ব্যবস্থাপনায় এই ব্যাঙ্কের বিভিন্ন পদের জন্য প্রার্থী বাছাই করে। স্টেট ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার নিয়োগের বিজ্ঞপ্তি মে-জুন মাস নাগাদ প্রকাশের সম্ভাবনা আছে।

২০২৬-'২৭ অর্থবর্ষে স্টেট ব্যাঙ্ক সহ দেশের ১২টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার বা ম্যানেজমেন্ট ট্রেনির মোট শূন্যপদের সংখ্যা এখনও সরকারি ভাবে জানানো হয়নি। তবে পূর্ববর্তী কয়েক বছরের শূন্যপদের পরিসংখ্যান পর্যালোচনা করে মনে

এরপর তিনের পাতায়

### কেন্দ্রীয় সরকারে

# কয়েক হাজার গ্র্যাজুয়েট

কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অফিসে অফিসার, অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন ক্লার্ক-সহ বিবিধ পদে কয়েক হাজার গ্র্যাজুয়েট তরুণ-তরুণীকে নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০২৬'-এর মাধ্যমে। পরীক্ষা হবে মে-জুনে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

এই পরীক্ষার মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নিয়োগ করা হয়।

এরপর চারের পাতায়

# ভারতে গুগলে ৩০০ চাকরি

**নিজস্ব প্রতিনিধি:** বিশ্বের বৃহত্তম সার্চ ইঞ্জিন সংস্থা গুগল ৩০০-রও বেশি শূন্যপদে লোক নেবে। নিয়োগ করা হবে বেঙ্গালুরু, হায়দরাবাদ, মুম্বই, পুনে, দিল্লি ও গুরুগ্রামে সংস্থার কেন্দ্রগুলিতে। এন্ট্রি লেভেলের বিভিন্ন পদে স্বল্প অভিজ্ঞতাসম্পন্নদের জন্যও চাকরি আছে।

মূল শিক্ষাগত যোগ্যতা ইঞ্জিনিয়ারিং ও কম্পিউটার সায়েন্সের ডিগ্রি। ১ থেকে ২ বছরের কাজের অভিজ্ঞতাসম্পন্নরা যেসব পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন সেগুলির মধ্যে রয়েছে, প্রোডাক্ট সাপোর্ট ইঞ্জিনিয়ার, সিকিউরিটি ইঞ্জিনিয়ার, সিলিকন ইঞ্জিনিয়ার, টেকনিক্যাল প্রোগ্রাম ম্যানেজার (ওয়ান), অ্যাপ্লিকেশন ইঞ্জিনিয়ার (সেলস ফোর্স), সিকিউরিটি অ্যানালিস্ট, নেটওয়ার্ক অপারেশন ইঞ্জিনিয়ার প্রভৃতি।

ফিজিক্স, ইকনমিক্স, স্ট্যাটিস্টিক্স, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্সের স্নাতকোত্তর ডিগ্রি থাকলে ডেটা সায়েন্টিস্ট পদে আবেদন করা যাবে। অন্যান্য শাখার গ্র্যাজুয়েটরাও কনটেন্ট স্পেশ্যালিস্ট, ক্রিয়েটিভ বিজনেস ম্যানেজার, সিকিউরিটি অ্যানালিস্ট, অ্যাকাউন্টস ম্যানেজার পদে আবেদন করতে পারেন। প্রয়োজনীয় অভিজ্ঞতা সব ক্ষেত্রেই ১ থেকে ২ বছর। আরও বেশি অভিজ্ঞদের জন্যও শূন্যপদ আছে।

এরপর দুয়ের পাতায়

### কেন্দ্রীয় সরকারে

# কয়েকশো ইঞ্জিনিয়ার

কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে বর্ডার রোডস অর্গানাইজেশন, সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, সেন্ট্রাল ওয়াটার কমিশন, ফরাক্কা ব্যারেজ প্রোজেক্ট, সেন্ট্রাল ওয়াটার অ্যান্ড পাওয়ার রিসার্চ স্টেশন-সহ বিভিন্ন সরকারি অফিস

এরপর তিনের পাতায়

### চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ায়

# ১০০ এক্সিকিউটিভ অফিসার

এক্সিকিউটিভ অফিসার পদে ১০০ জনকে নেবে দি ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া (আইসিএআই)। নিয়োগ করা হবে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, ইনফর্মেশন টেকনোলজি এবং লিগাল শাখায়। প্রথমে ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2026/HRD/03.

শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: কোড ২৬০২: চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট: ৭৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট। **বয়স:** ২৮-২-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে।

কোড ২৬০৩: লিগাল: ১৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে আইনে স্নাতক। **বয়স:** ২৮-২-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে।

কোড ২৬০৮: **ইনফর্মেশন টেকনোলজি:** ১০টি। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক। সঙ্গে

এরপর দুয়ের পাতায়

# রাইটসে চাকরি

বিভিন্ন পদে ৩০ জনকে নেবে রাইটস। এটি কেন্দ্রের রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা।

**শূন্যপদের বিন্যাস:** ভ্যাকেন্সি নম্বর **RG/06/26:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (লিগাল): ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর সহ আইনে স্নাতক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের

এরপর চারের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




# এইমসে নার্সিং ও প্যারামেডিক্যালের বি এসসি কোর্স

নার্সিংয়ে অনার্স-সহ বি এসসি, পোস্ট-বেসিক বি এসসি এবং অপ্টোমেট্রি, অপারেশন থিয়েটার টেকনোলজি-সহ বিভিন্ন বিষয়ের বি এসসি কোর্সে ভর্তি নেবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। অনার্স-সহ বি এসসি নার্সিং কোর্সের জন্য শুধু মহিলারা আবেদন করবেন। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে।

আসনসংখ্যা: প্যারামেডিক্যাল শাখায় ব্যাচেলর ডিগ্রি ও বি এসসি ও অনার্স-সহ বি এসসি ডিগ্রি কোর্সের ক্ষেত্রে ৭২৫টি। পোস্ট-বেসিক বি এসসি নার্সিং কোর্সের ক্ষেত্রে ৩০টি। অনার্স-সহ বি এসসি নার্সিং কোর্সের ক্ষেত্রে ১,৩৬৬টি।

প্যারামেডিক্যাল শাখায় ব্যাচেলর ডিগ্রি ও বি এসসি ও অনার্স-সহ বি এসসি ডিগ্রি কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: মেডিক্যাল রেডিয়োলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি, ডেন্টাল অপারেটিং রুম অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল হাইজিন, অপারেশন থিয়েটার টেকনোলজি, মেডিক্যাল ডায়ালিসিস থেরাপি টেকনোলজি, মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি, ইমার্জেন্সি মেডিক্যাল টেকনিশিয়ান, স্লিপ টেকনোলজি, রেডিয়োথেরাপি টেকনোলজি, মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান, রেসপিরেটরি থেরাপিস্ট, অপারেশন থিয়েটার অ্যান্ড অ্যানেস্থেশিয়া টেকনোলজি, নিউরোইলেক্ট্রো ফিজিয়োলজি, ইউরোলজি টেকনোলজি, অপ্টোমেট্রি, কার্ডিয়াক টেকনোলজি, এন্ডোস্কোপি টেকনোলজি, মেডিক্যাল টেকনোলজি ইন রেডিয়োগ্রাফি, মেডিক্যাল টেকনোলজি ইন রেডিয়োথেরাপি, নিউরো টেকনোলজি, অপারেশন থিয়েটার অ্যান্ড অ্যানেস্থেশিয়োলজি, পারফিউশন টেকনোলজি, মেডিক্যাল ল্যাবরেটরি সায়েন্স, অ্যানেস্থেশিয়া টেকনোলজি, অর্থোপেডিক্স অ্যাসিস্ট্যান্ট অ্যান্ড প্লাস্টার টেকনিক, অপ্টোমেট্রি টেকনোলজি, কার্ডিয়াক ল্যাবরেটরি টেকনোলজি, ডেন্টাল মেকানিক্স, মেডিক্যাল ল্যাবরেটরি

**আসনসংখ্যা: প্যারামেডিক্যাল শাখায় ব্যাচেলর ডিগ্রি ও বি এসসি ও অনার্স-সহ বি এসসি ডিগ্রি কোর্সের ক্ষেত্রে ৭২৫টি। পোস্ট-বেসিক বি এসসি নার্সিং কোর্সের ক্ষেত্রে ৩০টি। অনার্স-সহ বি এসসি নার্সিং কোর্সের ক্ষেত্রে ১,৩৬৬টি।**

এরপর চারের পাতায়

# কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

## কর্মখালি

**Binayak Group of Companies** Office: Baharu Bazar, Joynagar, South 24 Parganas. Urgent Requirement (Salary as per Qualification & Experience) PA–(1) FMCG [EXP- South 24 Parganas] Marketing Manager–(1) Sales Executive–(5) Stock Manager [B.Com]–(4) Accountant [B.Com/M.Com]–(2) School & Health Care Experience School Operation Head–(1) Head Counselor–(1) Health Care Industries Sales Manager–(1) B.D.M.– (2) Contact- 97327-95538 Email- binayak.kalpashreeenterprise@gmail.com

□

**Urgent Hiring Laptop Repair** Technician, Exp 4-6 yrs, skills on chip & motherboard, troubleshooting, salary best in Industry + bonus, Work Location Survey Park, Kolkata. Call: 70036-60713.

□

লিফট্‌ম্যান লাইসেন্স হোল্ডার ও সিকিউরিটি গার্ড চাই। ডিউটি ৮ hrs। যোগ্যতা: ৮+ পাস। বয়স: ২২-৪৫। বেতন + ESI + PF + Bonus, Call- 98304-71584, 033-2442-2780, 033-2442-1177.

□

**A reputed Interior Design** Company require an experienced Site Supervisor for Hotel Interior works outside Kolkata, post your CV : abhijit@artntechs.com

□

**Telecallers/Telecounselors** required for a reputed educational organization in Central Kolkata. Freshers may also apply. Contact: 62923-12831 to Schedule Interview.

□

**Team Leader** পদের জন্য নামী ব্যাংকের অধীনে প্রচুর লোক প্রয়োজন। ইচ্ছুক ব্যক্তিরা নিজেদের অবসর + অভিজ্ঞতাকে কাজে লাগান। 4L-6L/PA. HS+, 45-65. 98753-98530.

□

## কর্মখালি

**T.C Peon** স্টোরকিপার, Mngr, রিসেপশনিস্ট, সুপারভাইজার, ক্যাশিয়ার, প্যাকিং-এর জন্য M/F চাই। বেতন: 16K-35K OT সহ ESI PF বালাজী এন্টারপ্রাইস 90513-53006.

□

**Content Book Jobs @Part Time** স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ করে 6K সপ্তাহে আয় 62911-59330, 98315-37449.

□

**সোনা রুপার দোকানে কাউন্টার** সেলসম্যান (পুরুষ) চাই। কলিস্থ প্রার্থী অগ্রগণ্য। ঠিকানা-AE 336, সল্টলেক সেক্টর-1, Kol-64 কোয়ালিটি বাসস্টপের কাছে 98311-85454.

□

**Tele-Caller চাই**

রায় ও মার্টিন প্রকাশনী সংস্থায় H.S পাস মহিলা Tele-Caller চাই। Bio-data Whatsapp করুন: 80172-95555. কর্মস্থান: কলেজ স্ট্রিট, কলকাতা, Salary - 8000/-

□

**Urgent Hiring Clerk & Civil** Draftsman. AutoCAD exp required. Location: Hooghly/Kolkata. M : 72782-86154 Email: sayan.26804491@gmail.com

□

**প্রতিষ্ঠিত ওল্ড এজ কেয়ার সংস্থায়** 'কেয়ার গিভার' পদ। দমদম, বাগুইআটি, কেষ্টপুর, এয়ারপোর্ট এলাকার বাসিন্দা। ৩০-৪০ বছর, পুরুষ, উঃ মাধ্যমিক, টু হুইলার অগ্রগণ্য। যোগাযোগ: 70440-63399.

□

**অবসোত্তর জীবনে 60-75 Top MNC-**তে উচ্চ আয় Retd Govt/Bank Rly, army শিক্ষক Mngrl work Part Time বিদেশ ভ্রমন দ্রুতপদোন্নতি Bonus P.S Bose 62912-11862.

□

**Electronics Inst. Mfg. Co require** Exp. Service Engineer for WB & other State, 15K pm + Transport, food & lodging. sethpce@gmail.com

□

## কর্মখালি

**প্রতিষ্ঠিত মিষ্টান্ন প্রতিষ্ঠানে অনলাইন** সেলস কাউন্টারের জন্য অভিজ্ঞ সেলস বয়/সেলস গার্ল (18-45 বয়সী) ও কাউন্টার ইনচার্জ চাই। 8AM-4PM অথবা 3PM-11PM 97486-23659 / 89060-19490.

□

**LICI / Lic Advisor বৃন্দদের জন্য,** নিজেদের কাজ বজায় রেখে কর্পোরেট সেক্টরে part time job করুন। HS + Salary + PF + ESI + Incentive Call- 82820-17460.

□

**Hi-Tech Minerals and Chemicals** invites applications for 2 posts– Smart Male as Chemist (Kol as well as transferable) & Female as Spokeperson (Kol) ; B.Sc. Chem (Hons), IT. Requirements: Fluency in English, Good communication and interpersonal skills. Interested young candidates are requested to send their updated resume to mail id within 15 days :contact@htmcgroup.com

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১১ এপ্রিল দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

## কর্মখালি

**অজয়নগরের একটি জিমের জন্য** সার্টিফাইড ট্রেনার আবশ্যক। ট্রেনিদের প্রতি অবশ্যই পেশাদার এবং ভালো যোগাযোগ দক্ষতা থাকতে হবে। কাজের সময়: সকাল ৮টা - দুপুর ১টা (মঙ্গল-রবি)। বেতন: ₹৭,০০০/মাস + পার্সোনাল ট্রেনিং। যোগাযোগ: ৬২৯০৬-০৫৩৯৯।

□

**অবসরপ্রাপ্ত হয়ে আবার কি নতুন কিছু** করতে চাইছেন? সেই সম্মান আর উপার্জন পাবেন কলকাতার অফিসে বসে অবসরপ্রাপ্তদের সঙ্গে বসে কাজ করে। BM-97488-70286.

□

**Ramakrishna Mission Ashrama** Sohra, Meghalaya : Apply for post of Office Assistant at sohra@rkmm.org ; Qualification : B.Com/M.Com with good Knowledge in Tally and Accounts.

□

**Urgent reqd. for Resort-** Manager, Receptionist, Accountant, Service boy, House Keeping Staff, Computer Operator. Mandarmoni/Kolkata. 98302-13935 / 2231-0909.

□

**সল্টলেকে একটি ক্যান্টিনে দেখাশোনা** করার জন্য অভিজ্ঞ/অনভিজ্ঞ মহিলা আবশ্যক। বয়স: 18-30-এর মধ্যে। যোগাযোগ: 94330-60112.

## স্কুল-কলেজ-শিক্ষা

**শ্যামপুর, হাওড়া 3 মাসের RO Water** Purifier কোর্স করুন সম্পূর্ণ প্র্যাক্টিক্যাল-সহ। দৈনিক আয় 700+ সম্ভব ভর্তি চলছে। সীট সীমিত। M: 96417-32606.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**
**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্কে ৪০০ লোকাল ব্যাঙ্ক অফিসার

*প্রথম পাতার পর*

**হিমাচল প্রদেশ** (হিন্দি): ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **ঝাড়খণ্ড** (হিন্দি): ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **মধ্যপ্রদেশ** (হিন্দি): ৬০টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৬, আর্থিক ভাবে অনগ্রসর ৬)। এর মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টি ও শ্রবণ-সংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **উত্তরপ্রদেশ** (হিন্দি): ২০০টি (সাধারণ ৮১, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৫৪, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ২টি করে শূন্যপদ অস্থি, দৃষ্টি, শ্রবণ-সংক্রান্ত এবং একাধিক প্রতিবন্ধকতা আছে এমন বা বৌদ্ধিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে-কোনও শাখায় স্নাতক। প্রার্থীকে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বাংলা এবং অন্য রাজ্যগুলির ক্ষেত্রে হিন্দি বলতে, পড়তে ও লিখতে জানতে হবে। পাশাপাশি, স্বীকৃত কোনও ব্যাঙ্কে অফিসার ক্যাডারে প্রার্থীর অন্তত ১৮ মাসের কাজের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

বয়স: ১-৩-২০২৬ তারিখে ২০ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

বেতনক্রম: ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে চারটি ধাপে— লিখিত পরীক্ষা, নথিপত্র যাচাই, ইন্টারভিউ এবং স্থানীয় ভাষার পরীক্ষার মাধ্যমে। তবে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিকে অন্যতম বিষয় হিসেবে সংশ্লিষ্ট ভাষাটি পড়ে থাকলে, প্রার্থীকে ভাষার পরীক্ষা দিতে হবে না।

লিখিত পরীক্ষায় মোট ১২০ নম্বরের প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে প্রতি বিষয়ের নম্বর)— ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০), ব্যাঙ্কিং নলেজ (৪০), জেনারেল অ্যাওয়্যারনেস/ইকোনমি (৩০), কম্পিউটার অ্যাপ্টিটিউড (২০)। মোট সময়সীমা ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র শিলিগুড়ি, কলকাতা, কল্যাণী, আসানসোল ও হুগলি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://punjabandsind.bank.in/ দরখাস্ত করা যাবে ২০ এপ্রিল পর্যন্ত। প্রার্থীর চালু মোবাইল নম্বর ও ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে সম্প্রতি তোলা রঙিন ফটো (২০ থেকে ৫০ কেবির মধ্যে), সাদা কাগজে কালো কালিতে করা সই (১০ থেকে ২০ কেবির মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২০ থেকে ৫০ কেবির মধ্যে), নিজের হাতে লেখা এই ডিক্লারেশন (৫০ থেকে ১০০ কেবির মধ্যে)— "I, _______ (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required.", শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতার শংসাপত্র, শ্রকাস্ট সার্টিফিকেট সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। এ ছাড়াও দরখাস্তের সময় লাইভ ফটো তুলতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৮৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়ার পর ই-রিসিট সহ পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ১২ রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ২২০০০ ক্লার্ক

*প্রথম পাতার পর*

অ্যাসোসিয়েশনের দেওয়া তথ্য অনুসারে ১২টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে সর্বভারতীয় স্তরে কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েটের (ক্লার্ক) শূন্যপদের সংখ্যা এরকম: কানাড়া ব্যাঙ্ক ৩,০০০টি, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক ২,২৮৭টি, সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া ২,০০০টি, ইন্ডিয়ান ব্যাঙ্ক ১,৭০০টি, ব্যাঙ্ক অব ইন্ডিয়া ১,৭০০টি, ব্যাঙ্ক অব বরোদা ১,৬৮৪টি, ইউনিয়ন ব্যাঙ্ক অব ইন্ডিয়া ১,৫০০টি, ব্যাঙ্ক অব মহারাষ্ট্র ৭০০টি, পাঞ্জাব ও সিন্ধ ব্যাঙ্ক ৪৬১টি, ইউকো ব্যাঙ্ক ৪১৯টি, ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক ২৫০টি, স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ৬,৫৮৯টি।

## রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল অনুসারে শূন্যপদ

অল ইন্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশনের ১৪ মার্চ প্রকাশিত বিবৃতি (নম্বর: ২৯/২৬০/২০২৬/২১) অনুসারে, রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে (স্টেট ব্যাঙ্ক ছাড়া) এখনও পর্যন্ত শূন্যপদের সংখ্যা এরকম: পশ্চিমবঙ্গ ৯৬৩টি, ত্রিপুরা ৫৬টি, আসাম ৩৯৭টি, আন্দামান ১৬টি, অরুণাচল প্রদেশ ৪১টি, মণিপুর ৪৮টি, মেঘালয় ১৭টি, নাগাল্যান্ড ৩৪টি, সিকিম ২৫টি, দিল্লি ২৮৬টি, পাঞ্জাব ৩৮৩টি, হরিয়ানা ১৮৮টি, উত্তরপ্রদেশ ২,৮১১টি, উত্তরাখণ্ড ১০৩, হিমাচল প্রদেশ ১৩৪টি, মধ্যপ্রদেশ ৯৬৩টি, বিহার ৭৬০টি, ওড়িশা ৫৭২টি, রাজস্থান ৪০৮টি, ছত্তীসগড় ৩১৪টি, ঝাড়খণ্ড ২৬৮টি, উত্তরাখণ্ড ১০৩টি, মিজোরাম ২৯টি, মহারাষ্ট্র ১,৬৩৪টি, কর্নাটক ১,৩৮৬টি, তামিলনাড়ু ১,২১৭টি, গুজরাট ১,১০৯টি, অন্ধ্রপ্রদেশ ৪৬২টি, তেলঙ্গানা ৩৬২টি, কেরালা ৩৫৪টি, গোয়া ১১২টি, জম্মু-কাশ্মীর ৭৬টি, পুদুচেরি ২৬টি, দাদরা ও দমন-দিউ ৪৪টি, লাক্ষাদ্বীপ ৭টি, লাদাখ ৮টি। আদালতে মামলা চলার কারণে চণ্ডীগড়ের শূন্যপদ ঘোষিত হয়নি। উল্লেখ্য, নিয়োগের পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশের সময় শূন্যপদের সংখ্যার হেরফের হতে পারে। সেক্ষেত্রে শূন্যপদের সংখ্যাবৃদ্ধির সম্ভাবনাই বেশি থাকবে। স্টেট ব্যাঙ্ক আলাদা করে রাজ্য অনুসারে শূন্যপদের কথা জানাবে।

## যোগ্যতা ও প্রার্থী বাছাই প্রক্রিয়া

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা কাস্টমার সার্ভিস অ্যাসোসিয়েট বা ক্লার্ক বা জুনিয়র অ্যাসোসিয়েট পদে আবেদন করতে পারবেন। কম্পিউটার ব্যবহার করে কাজ করার দক্ষতা থাকতে হবে। ব্যাঙ্কিং সেক্টরের পণ্য ও পরিষেবা সম্পর্কে অন্তত প্রাথমিক স্তরের ধারণা থাকা দরকার।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন প্রিলিমিনারি ও মেন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় অবজেক্টিভ ধাঁচের প্রশ্ন হবে। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ইংরেজি, রিজনিং ও নিউমেরিক্যাল এবিলিটি যাচাইয়ের প্রশ্ন। মেন পরীক্ষায় জেনারেল ইংলিশ, জেনারেল ও ফিনান্সিয়াল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং রিজনিং ও কম্পিউটার অ্যাপ্টিটিউড বিষয়ক প্রশ্ন হবে।

## আঞ্চলিক ভাষাজ্ঞান

দুই স্তরের অনলাইন পরীক্ষায় সফল হলে প্রার্থী আঞ্চলিক ভাষায় সড়গড় কিনা তা যাচাই করা হয়। প্রার্থী যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, তাঁকে সেখানকার সরকার স্বীকৃত আঞ্চলিক ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। পশ্চিমবঙ্গ ছাড়াও ত্রিপুরায় ককবরক ও অসমে অসমীয়া ও বোড়ো ভাষার সঙ্গে বাংলা স্বীকৃত আঞ্চলিক ভাষা। হিন্দি ভাষা লিখতে, পড়তে ও বলতে জানলে হিন্দিভাষী রাজ্য দিল্লি, উত্তরপ্রদেশ, বিহার, ঝাড়খণ্ড, মধ্যপ্রদেশ, হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড, ছত্তীসগড়ের সঙ্গে পাঞ্জাব, হরিয়ানার শূন্যপদেও আবেদন করা যাবে। অরুণাচল প্রদেশ, মণিপুর, মেঘালয়, নাগাল্যান্ড, সিকিম ও আন্দামানে ইংরেজি অন্যতম স্বীকৃত আঞ্চলিক ভাষা। সুতরাং ইংরেজি ভাষায় স্বচ্ছন্দ হলে এই রাজ্যগুলির শূন্যপদে আবেদন করার সুযোগ রয়েছে। তবে যে-কোনও একটি রাজ্যের শূন্যপদেই আবেদন করা যাবে।

আগ্রহীরা জোর কদমে এখনই পরীক্ষার প্রস্তুতি শুরু করে দিন। আইবিপিএস এবং স্টেট ব্যাঙ্কের তরফে পূর্ণাঙ্গ নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে প্রয়োজনীয় সমস্ত তথ্য সহ সে খবর 'কর্মক্ষেত্র'য় জানানো হবে।

# ভারতে গুগলে ৩০০ চাকরি

*প্রথম পাতার পর*

আগ্রহীরা পদ, কাজের প্রকৃতি, প্রয়োজনীয় যোগ্যতা-সংক্রান্ত তথ্য পাবেন এই ওয়েবসাইটে: https://www.google.com/about/careers/applications/jobs/ ওয়েবসাইটে 'লোকেশন'-এর ঘরে 'ইন্ডিয়া' লিখবেন। ১-২ বছরের অভিজ্ঞতাসম্পন্নরা 'এক্সপেরিয়েন্স'-এর ঘরে 'আর্লি'-সংলগ্ন বক্সে ক্লিক করবেন।

# চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ায় ১০০ এক্সিকিউটিভ অফিসার

*প্রথম পাতার পর*

এআই বা এমএল বা ক্লাউড কম্পিউটিং বা সাইবার সিকিউরিটি ক্ষেত্রে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৮-২-২০২৬ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে।

বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দুই পর্বের কম্পিউটার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। প্রথম পর্বের পরীক্ষার পার্ট-এ-তে থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস, লজিক্যাল রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ক মাল্টিপল চয়েস ধাঁচের প্রশ্ন এবং পার্ট-টুয়ে থাকবে অফিসিয়াল লেটার, নোট, রিপোর্ট লেখা বিষয়ক ডেসক্রিপটিভ প্রশ্ন। মোট নম্বর ৬০। দ্বিতীয় পর্বের পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট বিষয় ভিত্তিক মাল্টিপল চয়েস প্রশ্ন। মোট নম্বর ৯০। দুই পর্বের পরীক্ষার মোট সময়সীমা ২ ঘণ্টা ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://icaisr.onlineregistrationform.org/ICAISR/ দরখাস্ত করা যাবে ১৫ এপ্রিল পর্যন্ত। প্রার্থীর চালু মোবাইল নম্বর ও ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্র এবং কাজের অভিজ্ঞতা সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। দরখাস্ত সাবমিট করার পর ই-রিসিট সহ পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://www.icai.org

# রেলওয়ে ফিনান্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

অ্যাসিস্ট্যান্ট ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে ২৩ জনকে নেবে ইন্ডিয়ান রেলওয়ে ফিনান্স কর্পোরেশন। এটি কেন্দ্রের রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। ১ বছরের প্রবেশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১/২০২৬।

**শূন্যপদের বিন্যাস:** পোস্ট কোড ০১: অ্যাসিস্ট্যান্ট (এনই ফাইভ লেভেল): ১৬টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কমার্সে স্নাতক। সেই সঙ্গে ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়া বা ইনস্টিটিউট অব কস্ট অ্যাকাউন্ট্যান্টস অব ইন্ডিয়ার ইন্টারমিডিয়েট পরীক্ষায় পাশ করে থাকতে হবে। **বেতনক্রম:** ২১,০০০-৭৪,০০০ টাকা।

**পোস্ট কোড ০২: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার-ফিনান্স (ই ওয়ান লেভেল):** ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কমার্সে স্নাতক। সেই সঙ্গে সিএ বা সিএমএ অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন সহ এমবিএ অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন সহ ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। **বেতনক্রম:** ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**মেডিক্যাল ক্যাটেগরি:** সি ওয়ান।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা জুনে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষায় অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ম্যাথমেটিক্স/নিউমেরিক্যাল এবিলিটি (২০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (১০ নম্বর), লজিক্যাল রিজনিং/জেনারেল ইন্টেলিজেন্স (১০ নম্বর), রেল/আইআরএফসি (১০ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ে (৫০ নম্বর)। নেগেটিভ মার্কিং আছে। সময় দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://irfc.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ মে পর্যন্ত।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ইউপিআই বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও ট্রান্সজেন্ডারদের কোনও ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# খামারিয়া অর্ডন্যান্স ফ্যাক্টরিতে ৩৫০ ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার

ডেঞ্জার বিল্ডিং ওয়ার্কার পদে ৩৫০ জনকে নেবে খামারিয়া অর্ডন্যান্স ফ্যাক্টরি। এটি প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রাথমিক ভাবে নিয়োগ করা হবে ১ বছরের চুক্তিতে। প্রয়োজন অনুসারে চুক্তির মেয়াদ ৪ বছর পর্যন্ত বাড়ানো হতে পারে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 03/GA/RC/Tenure/DBW/06/2026.

**ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ১৪১, তফসিলি জাতি ৫২, তফসিলি উপজাতি ৭০, ওবিসি ৫২, আর্থিক ভাবে অনগ্রসর ৩৫। এর মধ্যে ৩৫টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** দেশের কোনও অর্ডন্যান্স ফ্যাক্টরি বা সরকারি বা স্বীকৃত বেসরকারি প্রতিষ্ঠানে অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্লান্ট ট্রেডে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে এবং এনসিভিটি (পূর্বতন এনসিটিভিটি) স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকতে হবে। আইএমসিপি, এমএমসিপি, এলএসিপি, প্রোসেস প্লান্ট অপারেটর, ফিটার জেনারেল, মেশিনিস্ট, টার্নার, শিট মেটাল ওয়ার্কার, ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক মেকানিক, বয়লার অ্যাটেন্ড্যান্ট, মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট থাকলেও আবেদন করতে পারেন।

**বয়স:** ২৫-৪-২০২৬ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** ১৯,৯০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ট্রেড টেস্টের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://ddpdoo.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

## পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর একটি সম্প্রতি তোলা পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন ও ফটোর উপর সই করে দেবেন। আরও ১ কপি ফটোর পিছনে প্রার্থীর নাম ও জন্মতারিখ লিখে দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন।
- ✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাস্ট এবং ওবিসি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (থাকলে)।

প্রয়োজনীয় নথিপত্র সহ পূরণ করা দরখাস্ত ভরা খামের উপর লিখবেন "APPLICATION FOR THE POST OF "TENURE BASED DBW PERSONNEL ON CONTRACT BASIS". দরখাস্ত ২৫ এপ্রিলের মধ্যে ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chief General Manager, Ordnance Factory Khamaria, District: Jabalpur, Madhya Pradesh, Pin -482005.

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কয়েকশো ইঞ্জিনিয়ার *প্রথম পাতার পর*

ও বিভাগে। সর্বভারতীয় পরীক্ষা 'জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল) এক্সামিনেশন, ২০২৬'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। তবে, সাধারণত সিভিল, মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল শাখায় নিয়োগ করা হয়। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য।

**বয়স:** বেশিরভাগ পদের ক্ষেত্রেই ৩০ বছরের মধ্যে। কিছু ক্ষেত্রে ৩২ বছর। বয়সসীমায় তফসিলিরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলিরা ১৫, ওবিসিরা ১৩) বছরের ছাড় পাবেন। যুদ্ধক্ষেত্রে আঘাতপ্রাপ্ত সমরকর্মী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হয় দু'টি পেপারের পরীক্ষার মাধ্যমে। পেপার ওয়ানের পরীক্ষা হবে মে বা জুনে। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া শুরু হতে পারে এপ্রিলে। দরখাস্তের ফি ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি লাগে না।

এই নিয়োগের পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে। আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে কয়েক হাজার প্রবেশনারি অফিসার *প্রথম পাতার পর*

করা হচ্ছে, ২০২৬-এ আইবিপিএসের মাধ্যমে ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে ৫-৬ হাজার এবং স্টেট ব্যাঙ্কে অন্তত ৫০০ শূন্যপদে নিয়োগের সম্ভাবনা আছে। উল্লেখ্য, যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা প্রবেশনারি অফিসার বা ম্যানেজমেন্ট ট্রেনি পদে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। আগ্রহীরা পরীক্ষার জন্য এখনই প্রস্তুতি নিতে শুরু করুন। নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য সহ 'কর্মক্ষেত্র'য় সে-খবর জানানো হবে।

## স্কুল সার্ভিস: গ্রুপ 'সি' এবং গ্রুপ 'ডি' অ্যানসার-কি প্রকাশিত

পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশন (WBSSC) গ্রুপ 'সি' এবং গ্রুপ 'ডি' পদের নিয়োগ পরীক্ষার প্রভিশনাল অ্যানসার কি প্রকাশ করেছে। ১ মার্চ এবং ৮ মার্চ আয়োজিত এই পরীক্ষা দু'টির উত্তরপত্র পরীক্ষার্থীরা এখন পিডিএফ ফরম্যাটে ডাউনলোড করে প্রশ্নপত্রের সিরিজ অনুযায়ী মিলিয়ে নিজেদের প্রাপ্ত নম্বর যাচাই করতে পারবেন। অ্যানসার-কি ডাউনলোড করতে দেখুন: https://old.westbengalssc.com/sscorg/wbssc/home


**Maritime Education Training & Research Institute (METRI)**
**Affililiated by Directorate General OF Shipping, Ministry OF Shipping, Govt. OF India.**

**মার্চেন্ট নেভি র- জন্য ভর্তি বিজ্ঞপ্তি**

Merchant Ship/ মার্চেন্ট জাহাজ এ Hospitality staff / আতিথেয়তা কর্মী বা Cook বা স্টুয়ার্ট হিসাবে যোগ দেওয়ার যোগ্যতার জন্য মার্চেন্ট নেভি CCMC Course এ ভর্তির আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে। এই কোর্সের জন্য যোগ্যতা প্রয়োজন ঃ- শিক্ষাগত যোগ্যতা ঃ 10th পরীক্ষায় পাস বা কোন স্বীকৃত বোর্ড, State বা সেন্ট্রাল বোর্ড & NIOS, নিউ দিল্লি, সমষ্টিগত ন্যূনতম 40% নম্বর পেয়ে কোনো stream থেকে এবং ইংরেজি একটি বিষয় হিসাবে, 40 % নম্বর প্রয়োজন 10th standard.

Intake Capacity / ব্যাচ প্রতি ছাত্র ঃ 40/Batch

Selection / নির্বাচন ঃ ইন্টারভিউ এবং ব্যক্তিত্ব পরীক্ষা ভিত্তিতে প্রথম আসা ভিত্তিতে



Course শুরুর তারিখ ঃ 01-07-2026

Interview তারিখ ঃ 24-03-2026
31-03-2026/07-04-2026/21-04-2026/28-04-2026
05-05-2026/12-05-2026/19-05-2026/26-05-2026

Prospect: সফলভাবে কোর্স সম্পন্ন করার পর ( উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক Exit exam/ পরীক্ষায় পাস। ) প্রার্থী ও Shipping মাস্টার, মুম্বাই বা কলকাতার অফিস থেকে সিডিসি প্রাপ্ত হইবে বাণিজ্যনাবী /Merchant ship এর কাজে যোগদানের জন্য যোগ্যতা প্রাপ্ত হইবে।

বয়স সীমা ঃ অন্যূন 17 বছর 6 মাস এবং কোর্স শুরুর সময় অনধিক 25 বছর

মেডিকেল ফিটনেস ঃ M. S Medical examination of Seafarers rules, 2000 অনুযায়ী নাবিকদের বিধি, 2000 এবং সময়োপযোগী সংশোধিত।

Duration / প্রশিক্ষণ সময়সীমা ঃ 6 (ছয়) মাস

Valid Documents /বৈধ কাগজপত্র ঃ আগে অবশ্যই প্রার্থী Regional Passport Officer/আঞ্চলিক পাসপোর্ট কর্মকর্তার অফিস থেকে পাসপোর্ট প্রাপ্ত করা আবশ্যক।

আরো বিস্তারিত জানার জন্য please / অনুগ্রহ করে visit করুন আমাদের website : www.metrikolkata.org or যোগাযোগ করুন
Mr.M.G Rajan-Dy.Chairman-METRI KOLKATA Ph.:033 24657161 /62 /63 Mob.:9339838932, 9432324424, 9830053096

**কী পড়বেন, কোথায় পড়বেন**

# ফাউন্ড্রি ও ফর্জ টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্স

## স্টাইপেন্ড: প্রতি সেমেস্টার ১৮,০০০ টাকা

ফাউন্ড্রি টেকনোলজি ও ফর্জ টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং টেকনোলজি। এটি কেন্দ্রের শিক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি প্রতিষ্ঠান। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্স শুরু হবে জুলাইয়ে। কোর্স চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে।

আসনসংখ্যা: ফাউন্ড্রি টেকনোলজি ৫৮টি, ফর্জ টেকনোলজি ৫৭টি।

শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, প্রোডাকশন, ম্যানুফ্যাকচারিং, অটোমোবাইল, ইন্ডাস্ট্রিয়াল, পলিমার, মেটালার্জিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, সেরামিকস, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক বা ডিপ্লোমা কোর্স পাশ। এ ছাড়া ফিজিক্স, কেমিস্ট্রি, ম্যাথমেটিক্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন ও ইনফর্মেশন টেকনোলজি— যে-কোনও একটি বিষয়ে বি এসসি ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন। সব ক্ষেত্রেই প্রার্থীকে মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

স্টাইপেন্ড: সেমেস্টার পিছু ১৮,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩১ মে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://niamt.ac.in আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের ফটো সেঁটে দেবেন এবং ফটোর ওপর সই করে দেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। সাবমিট করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬০০ টাকা (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩০০ টাকা)। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

**আবেদনপত্রের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন:** ✓ফি জমা দিয়ে পাওয়া রসিদের প্রিন্ট আউট। ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ও বি সি ও আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। ✓দৈহিক প্রতিবন্ধীকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৩০ এপ্রিলের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Assistant Registrar (Academic), National Institute of Advanced Manufacturing Technology, Kanchnatoli, Hatia, Ranchi-834003 (Jharkhand). খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ডান্স মুভমেন্ট থেরাপি

**নিজস্ব প্রতিনিধি:** গান ও নাচের মাধ্যমে শরীর ও মনের বেশ কিছু সমস্যার সমাধান করা যায়। বিশেষ করে, বিশেষ চাহিদাসম্পন্নদের শারীরিক ও মানসিক শক্তি জোগাতে সাহায্য করে নৃত্য। তবে সেই নাচ শিখতে হবে প্রশিক্ষক বা বিশেষজ্ঞদের কাছে। প্রশিক্ষকদের তালিমের সুযোগ করে দিল যাদবপুর বিশ্ববিদ্যালয়।

২৩ মে থেকে এই শিক্ষা-প্রতিষ্ঠানে শুরু হবে ডান্স অ্যান্ড মুভমেন্ট থেরাপির কোর্স। যাদবপুর বিশ্ববিদ্যালয় ও সাম্য ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে পড়ানো হবে এই পোস্ট গ্র্যাজুয়েশন ডিপ্লোমা কোর্সটি। বিশেষ চাহিদাসম্পন্নরা কী ভাবে নাচের মধ্য দিয়ে নিজেদের ভাব প্রকাশ করতে পারবেন, তাঁদের মানসিক এবং শারীরিক সুস্থতা কী ভাবে ঠিক রাখা যাবে, সেই সব কিছুই শেখানো হবে কোর্সটিতে।

কোর্সে ভর্তি নেওয়া হবে অনলাইন ইন্টারভিউয়ের মাধ্যমে। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন।

**কোর্সের নাম:** ওয়ান ইয়ার পোস্ট গ্র্যাজুয়েশন ডিপ্লোমা ইন ডান্স মুভমেন্ট থেরাপি ফর স্পেশ্যাল নিডস (২০২৬)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক। অগ্রাধিকার দেওয়া হবে সাইকোলজি, মেডিক্যাল সায়েন্স, সোশ্যাল ওয়ার্ক, পারফর্মিং আর্ট, বায়োলজিক্যাল সায়েন্সেস, অকুপেশনাল থেরাপি, ফিজিওথেরাপি ইত্যাদি বিষয়ে স্নাতকদের। বিশেষ ভাবে সক্ষম ব্যক্তিদের ফিজিশিয়ান, থেরাপিস্ট, স্পেশ্যাল এডুকেটর, শিক্ষক এবং নার্স ছাড়াও বাবা-মা, পরিচর্যাকারীরাও এই কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবেন। বর্তমানে যাঁরা স্নাতক স্তরে পড়াশোনা করছেন, তাঁরাও আবেদন করতে পারবেন।

**কোর্সের মেয়াদ:** এক বছর। **আসনসংখ্যা:** ৩০। **কোর্স ফি:** ৩৬,০০০ টাকা।

**আবেদনের শেষ তারিখ:** ২৭ এপ্রিল।

**কীভাবে আবেদন করবেন:** অনলাইন আবেদন করতে হবে প্রতিষ্ঠানের এই ওয়েবসাইটের মাধ্যমে: https://jadavpuruniversity.in/

# রবীন্দ্র ভারতীতে কম্পিউটারের একাধিক স্বল্পমেয়াদি কোর্স

**নিজস্ব প্রতিনিধি:** ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি-র উদ্যোগে রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ে কম্পিউটারের একাধিক কোর্স করা যাবে। ভর্তি হওয়া যাবে উচ্চ মাধ্যমিকের পরই। জুলাই থেকে সেশন শুরু। কোর্স শেষে শংসাপত্র দেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কী-কী কোর্স করা যাবে:** ক) ডোয়েক 'ও' লেভেল। মেয়াদ ১ বছর। কোর্স ফি ৭,০০০ টাকা। রেজিস্ট্রেশন ও এক্সাম ফি অতিরিক্ত। খ) অফিস অটোমেশন। মেয়াদ ৩ মাস। কোর্স ফি ১,২০০ টাকা। গ) ডেস্কটপ পাবলিকেশন (ডিটিপি)। মেয়াদ চার মাস। কোর্স ফি ১,৫০০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। ডোয়েক 'ও' লেভেলের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল পাশের পর ১ বছরের আইটিআই কোর্স করে থাকলেও আবেদন করা যাবে।

**আবেদন করবেন কী ভাবে:** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: http://www.rbu.net.in/computer_centre/cc_admission.php

বিশদ জানতে দেখুন রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: www.rbu.ac.in

# কলকাতা বিশ্ববিদ্যালয়ে এমবিএ

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতা বিশ্ববিদ্যালয়ে মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্সিয়াল ম্যানেজমেন্ট) কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। এই কোর্সটি পড়ানো হবে বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য বিভাগে। ভর্তি নেওয়া হবে শিক্ষাগত যোগ্যতা, ক্যাট বা ম্যাট-এ প্রাপ্ত নম্বর, গ্রুপ ডিসকাশন,

**২০২৫ সালের ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) অথবা ২০২৫-এর এপ্রিল থেকে ২০২৬-এর মার্চ মাসের মধ্যে ম্যাট (ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট) পাশ করে থাকতে হবে।**

পার্সোন্যাল ইন্টারভিউ এবং পেশাদারি অভিজ্ঞতার ভিত্তিতে। ২০২৬-২০২৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য গ্রুপ ডিসকাশন ও পার্সোন্যাল ইন্টারভিউ নেওয়া হবে ১২ জুন। ভর্তির জন্য নির্বাচিত পড়ুয়াদের নামের তালিকা প্রকাশিত হবে ২৫ জুন। ক্লাস শুরু হবে জুলাইয়ে। আগ্রহীরা এখনই আবেদন করুন।

**কোর্সের মেয়াদ:** ২ বছর।

আসনসংখ্যা: ৩৮।

**কোর্স ফি:** প্রথম বছর ৯৮,০০০ টাকা এবং দ্বিতীয় বছরে ৮৮,০০০ টাকা।

**শিক্ষাগত যোগ্যতা:** ২০২৫ সালের ক্যাট (কমন অ্যাডমিশন টেস্ট) অথবা ২০২৫-এর এপ্রিল থেকে ২০২৬-এর মার্চ মাসের মধ্যে ম্যাট (ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট) পাশ করে থাকতে হবে।

**আবেদনের শেষ তারিখ:** ২৯ মে।

**আবেদনের ফি:** ১,০০০ টাকা (সংরক্ষিত শ্রেণির প্রার্থীদের ক্ষেত্রে ৫০০ টাকা)।

আবেদনের পদ্ধতি সহ খুঁটিনাটি তথ্য জানতে দেখুন কলকাতা বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://www.caluniv.ac.in/

# কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার গ্র্যাজুয়েট

*প্রথম পাতার পর*

শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, বিভাগ, অফিস ও ক্যাডারে গ্রুপ 'বি' ও 'সি' পদে।

গ্রুপ 'বি'(বন্ধনীতে দপ্তর)— অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসার (ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্টস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (সেন্ট্রাল সেক্রেটারিয়েট সার্ভিস), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (ইন্টেলিজেন্স ব্যুরো), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব রেলওয়ে), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (মিনিস্ট্রি অব এক্সটার্নাল অ্যাফেয়ার্স), অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার (এয়ারফোর্স হেডকোয়ার্টার্স), বিবিধ মন্ত্রক, দপ্তর ও প্রতিষ্ঠানে অ্যাসিস্ট্যান্ট, অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার ও অ্যাসিস্ট্যান্ট/ সুপারিন্টেন্ডেন্ট, ইনস্পেক্টর-সেন্ট্রাল এক্সাইজ (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-প্রিভেন্টিভ অফিসার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), ইনস্পেক্টর-এক্সামিনার (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), অ্যাসিস্ট্যান্ট এনফোর্সমেন্ট অফিসার (ডিরেক্টোরেট অব এনফোর্সমেন্ট, রেভেনিউ), সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব ইনভেস্টিগেশন), ইনস্পেক্টর-পোস্টস (ডিপার্টমেন্ট অব পোস্টস), ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স), ডিভিশনাল অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), সাব-ইনস্পেক্টর (ন্যাশনাল ইনভেস্টিগেশন এজেন্সি), জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার (স্ট্যাটিস্টিক্স অ্যান্ড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন)।

গ্রুপ 'সি' (বন্ধনীতে দপ্তর)— ইনস্পেক্টর অব ইনকাম ট্যাক্স (সেন্ট্রাল বোর্ড অব ডিরেক্ট ট্যাক্সেস), অডিটর (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অডিটর (কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স অ্যাকাউন্টসের অধীনস্থ অফিসে), অন্যান্য মন্ত্রক ও দপ্তরে অডিটর, অ্যাকাউন্ট্যান্ট (ক্যাগ-এর অধীনস্থ অফিসে), অ্যাকাউন্ট্যান্ট/জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট (অন্যান্য মন্ত্রক ও দপ্তরে), সিনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট/আপার ডিভিশন ক্লার্ক (কেন্দ্রীয় সরকারি বিবিধ মন্ত্রক ও অফিসে), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ডাইরেক্ট ট্যাক্সেস), ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল বোর্ড অব ইনডিরেক্ট ট্যাক্সেস অ্যান্ড কাস্টমস), সাব ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স)।

আবেদনের ন্যূনতম যোগ্যতা স্নাতক।

অনলাইন দরখাস্ত করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.gov.in দরখাস্ত গ্রহণ প্রক্রিয়া শুরু হওয়ার কথা এপ্রিলে। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময়ই সরাসরি প্রার্থীর ফটো তুলতে হবে। অনলাইন দরখাস্তের সময় রেজিস্ট্রেশন আইডি ও পাসওয়ার্ড পাওয়া যাবে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের প্রস্তুতির সুবিধার্থে এই খবর আগাম জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে খুঁটিনাটি তথ্য-সহ পূর্ণাঙ্গ খবর কর্মক্ষেত্র-য় প্রকাশিত হবে।

আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# এইমসে নার্সিং ও প্যারামেডিক্যালের বি এসসি কোর্স

*প্রথম পাতার পর*

টেকনোলজি ইন ব্লাড ব্যাঙ্কিং, ফিজিয়োলজি ল্যাবরেটরি টেকনোলজি, ডায়ালিসিস থেরাপি, নিউক্লিয়াল মেডিসিন টেকনোলজি, স্লিপ ল্যাব টেকনোলজি।

**শিক্ষাগত যোগ্যতা:** বি এসসি (অনার্স) নার্সিং-এর ক্ষেত্রে মোট অন্তত ৫৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ। উচ্চমাধ্যমিকে ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি পড়ে থাকতে হবে।

পোস্ট-বেসিক বি এসসি নার্সিং-এর ক্ষেত্রে উচ্চমাধ্যমিক পাশ, সঙ্গে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা কোর্স পাশ। এর পাশাপাশি কোনও স্টেট নার্সিং কাউন্সিলে নার্স বা মিডওয়াইফ হিসেবে নাম নথিভুক্ত থাকতে হবে।

অপ্টোমেট্রি, মেডিক্যাল রেডিয়োলজি অ্যান্ড ইমেজিং টেকনোলজি-র ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স এবং ডেন্টাল অপারেটিং রুম অ্যাসিস্ট্যান্ট, ডেন্টাল হাইজিন এবং অপারেশন থিয়েটার টেকনোলজি বিষয়ের ক্ষেত্রে উচ্চমাধ্যমিকে ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি পড়ে থাকতে হবে। অন্যান্য বাকি বিষয়ের ক্ষেত্রে ইংরেজি, ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বা ম্যাথমেটিক্স পড়ে থাকলেই আবেদন করা যাবে। ২০২৬-এর উচ্চমাধ্যমিক পরীক্ষার্থীরাও শর্তসাপেক্ষে আবেদন করতে পারেন।

**বয়স:** ৩১-১২-২০২৬ তারিখে অন্তত ১৭ বছরের হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। বি এসসি (অনার্স) নার্সিং কোর্সের ক্ষেত্রে পরীক্ষা ২৭ জুন। প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও জেনারেল নলেজ বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। প্যারামেডিক্যাল শাখার ক্ষেত্রে পরীক্ষা ৪ জুলাই। প্রশ্ন হবে ফিজিক্স, কেমিস্ট্রি এবং বায়োলজি/ম্যাথমেটিক্স বিষয়ে। সময়সীমা দেড় ঘণ্টা।

উপরোক্ত কোর্সগুলির জন্য পরীক্ষার আয়োজন করা হবে দেশের বড় শহরগুলিতে।

পোস্ট-বেসিক বি এসসি নার্সিং কোর্সের ক্ষেত্রে পরীক্ষা ৩০ মে। প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল অ্যাসেসমেন্ট বা ইন্টারভিউয়ের মাধ্যমে। দেড় ঘণ্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষাকেন্দ্র দিল্লি।

সব ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsexams.ac.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ২৪ এপ্রিল। আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (সাদা ব্যাকগ্রাউন্ডে তোলা, জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে, ৫০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (২০ থেকে ১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ২,০০০ টাকা (তফসিলি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের ক্ষেত্রে ১,৬০০ টাকা)। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত। প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে লাগবে না। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

আবেদনপত্র সংশোধন করা যাবে ২৯ এপ্রিল থেকে ৩ মে পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাইটসে চাকরি

*প্রথম পাতার পর*

অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

**ভ্যাকেন্সি নম্বর RG/O8-R1/25:** অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ফিনান্স): ১১টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ৩, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট বা কস্ট অ্যাকাউন্ট্যান্ট। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ৩২ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

**ভ্যাকেন্সি নম্বর RG/07/26:** অ্যাসিস্ট্যান্ট (এইচ আর): ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ (তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর সহ যে-কোনও শাখায় স্নাতক। **বয়স:** ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতনক্রম:** ২০,০০০-৬৬,০০০ টাকা।

২৭-৪-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rites.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২৭ এপ্রিল পর্যন্ত।

ফি বাবদ দিতে হবে অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ৩০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ১০০ টাকা), অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে ৬০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও আর্থিক ভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ৩০০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# পটল চাষের সমস্যা ও তার প্রতিকার



গ্রীষ্ম ও বর্ষাকালীন পটল চাষের ক্ষতি করে বেশ কিছু রোগ ও পোকা। সতর্ক না থাকলে চাষিরা আর্থিক ক্ষতির সম্মুখীন হন। কী ভাবে আগাম ব্যবস্থা নিয়ে পটল গাছে রোগ-পোকার আক্রমণ প্রতিহত করা যায়, তা জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।

প্রধানত গ্রীষ্ম ও বর্ষাকালীন সবজি পটলের চাষ বেশি হয় পশ্চিমবঙ্গ, বিহার, উত্তরপ্রদেশ এবং আসামের মতো রাজ্যগুলিতে। বাজারে সারা বছরই পটলের চাহিদা থাকে। বাজারে বিক্রি করে যথেষ্ট লাভও থাকে বিক্রেতার।

এই রাজ্যের সমতল অঞ্চল এবং নদীর উর্বর চর এলাকায় পটল চাষ হয়। কৃষকেরা মাটিতে বেড় বা কেয়ারি অথবা মাচা তৈরি করে পটলের চাষ করেন। পটল চাষের বাণিজ্যিক সফলতা বেশ কয়েকটি বিষয়ের উপর নির্ভর করে। এই বিষয়গুলি সম্পর্কে চাষিদের আগে থেকেই সচেতন হতে হবে এবং সমস্যা সমাধানে যত্নবান হতে হবে।

## পরাগায়ন

পটল গাছ দুই ধরনের— স্ত্রী ও পুরুষ গাছ। পুরুষ এবং স্ত্রী-ফুল আলাদা গাছে ফোটে। পটল গাছে ফল ধরার জন্য সফল পরাগমিলন আবশ্যিক।

➤পরাগমিলনের জন্য চাষের জমিতে নির্দিষ্ট অনুপাতে স্ত্রী ও পুরুষ গাছ থাকতে হবে। প্রতি ১০০টি স্ত্রী-গাছের জন্য ২০টি পুরুষ গাছ থাকতে হবে।

➤পরাগমিলন বাড়াতে এবং ফল উৎপাদন নিশ্চিত করার জন্য পরাগরেণু বিশুদ্ধ জলে মিশ্রিত করে ড্রপারের সাহায্যে স্ত্রী-ফুলের গর্ভমুণ্ডে প্রয়োগ করতে হবে।

➤এ ছাড়াও গাছে স্ত্রী-ফুলের সংখ্যা বৃদ্ধি করতে জিব্বারেল্লিক অ্যাসিডের দ্রবণ (প্রতি লিটার জলে ৪০ মিলিগ্রাম অনুপাতে) গাছে স্প্রে করতে হবে।

## কাণ্ড ও ফল পচা রোগ

বর্ষাকালে গাছে ছত্রাকঘটিত ফল ও কাণ্ড পচা রোগ দেখতে পাওয়া যায়। চাষিরা রোগটিকে 'হাজা' নামে চেনেন। এ রোগে গাছের লতা এবং ফলগুলির উপরিভাগে জলবসা দাগের উপস্থিতি লক্ষ করা যায়। ফলের উপরিভাগ বসে যায় এবং সাদা রঙের ছত্রাকের অনুসূত্রগুলি দেখতে পাওয়া যায়। এই রোগের হাত থেকে পটলকে রক্ষা করতে মাটি, ক্যাপটানের ০.২ জলীয় দ্রবণের সাহায্যে ভিজিয়ে দিতে হবে। উঁচুতে বেড় তৈরি করে অথবা মাচায় চাষ করা উচিত, যাতে ফলগুলি মাটির সংস্পর্শে না আসে। এ ছাড়াও আক্রান্ত গাছে ১০ থেকে ১৫ দিন অন্তর মেটাল্যাকসিল ও ম্যানকোজেবের মিশ্রণ (০.২) স্প্রে করতে হবে।

## নিমাটোড বা কৃমির আক্রমণ

➤নিমাটোড অর্থাৎ কৃমি মাটিতে থাকা অবস্থায় পটলের শিকড়কে আক্রমণ করে এবং আক্রান্ত শিকড়গুলি ফুলে গাঁটের আকার ধারণ করে। আক্রান্ত গাছের বৃদ্ধি কমে যায় এবং ফলনও কমে আসে। আক্রমণের তীব্রতা বৃদ্ধি পেলে গোটা গাছ মারাও যায়। চারা বসানোর পূর্বে তা মনোক্রোটোফস



কীটনাশকের জলীয় দ্রবণের (১,০০০ পিপিএম) মধ্যে ৫ মিনিট ডুবিয়ে রেখে শোধন করে নিলে নিমাটোডের আক্রমণ প্রতিহত করা যায়।

➤এছাড়াও চারা বসানোর পূর্বে গর্তের মাটিতে জৈব সারের সঙ্গে দানাদার কীটনাশক ফুরাডন ৩জি, ১০ গ্রাম হিসেবে প্রয়োগ করেও সুফল পাওয়া যায়।

➤পটল চাষে জৈব সার হিসেবে নিম অথবা করঞ্জা খোল ব্যবহার করেও নিমাটোডের আক্রমণ ঠেকানো যায়।

➤চাষের জমির মাঝে গাঁদা ফুলের গাছ বসালেও নিমাটোডের আক্রমণ কমানো যায়।

## ফলের মাছি

ক্ষতিকারক ফলের মাছি বাড়ন্ত ফলগুলিতে আক্রমণ করে। ফলের খোসা ছিদ্র করে শাঁসের মধ্যে এই মাছিরা ডিম পারে। ডিম ফুটে বের হওয়া ক্রীরাগুলি ফলের ভিতরে থাকা নরম শাঁস খেয়ে ফসলের ক্ষতিসাধন করে। আক্রান্ত ফলগুলি গাছ থেকে মাটিতে খসে পড়ে।

➤ফলের মাছির উপদ্রব ঠেকানোর জন্য খুবই কার্যকরী ও পরিবেশবান্ধব পদ্ধতি, জমিতে বিঘা প্রতি ২-৩টি করে ফাঁদ বসানো। এই ফাঁদে পুরুষ পূর্ণাঙ্গ মাছি ধরা পড়বে।

➤ঝোলাগুড় এবং দানাদার কীটনাশক মিশ্রিত দ্রবণ পাত্রে নিয়ে জমিতে রেখে দিলে ফলের মাছি গুড়ের প্রতি আকর্ষিত হবে এবং গুড়ের দ্রবণ খেয়ে মারা যাবে।

➤কীটনাশক ক্লোরফেনাপায়র স্প্রে করেও ফলের মাছির আক্রমণ প্রতিহত করা যায়।

## রেড পাম্পকিন বিটল

➤পটল চাষের জমিতে রেড পাম্পকিন বিটল পোকার উপদ্রব দেখা যায়। পূর্ণাঙ্গ পোকাগুলি পটল গাছের পাতা কেটে ফেলে ক্ষতি করে। অনেক সময় সমস্ত পাতা খেয়ে ফেলে। আক্রান্ত গাছের বৃদ্ধি ও ফলন ক্ষতিগ্রস্ত হয়। এই পোকার আক্রমণ ঠেকাতে হলে আক্রান্ত গাছে কীটনাশক স্পাইনোসাড ৪৫ এসসি প্রতি লিটার জলে ১ মিলি হিসেবে মিশিয়ে ১০ দিন অন্তর দু' বার স্প্রে করতে হবে।

# স্বল্প পুঁজি নিয়ে পোল্ট্রি খামার তৈরির সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** উপার্জনের দিশা দেখাচ্ছে পোল্ট্রি ব্যবসা। ভারতে সরকারি এবং বেসরকারি ব্যাঙ্কগুলি পোল্ট্রি ফার্ম গঠন করার জন্য ঋণ দেয়। তবে এই ব্যবসা শুরু করার আগে উপযুক্ত সংস্থা থেকে প্রশিক্ষণ নেওয়া জরুরি। মে মাসে পশ্চিমবঙ্গ প্রাণিসম্পদ উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে নদিয়ার বড়জাগুলির অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্টে স্বল্প পুঁজির পোল্ট্রি পাখি (এলআইটি) চাষ ও খামার তৈরি বিষয়ে ৩ দিনের একটি প্রশিক্ষণ দেওয়া হবে। এই আবাসিক প্রশিক্ষণে অংশ নেওয়ার জন্য আবেদন করতে পারেন এখনই।

**কোর্সের নাম:** অর্ধ-নিবিড় পদ্ধতিতে স্বল্প পুঁজির পোল্ট্রি পাখির (এলআইটি) চাষের মাধ্যমে উদ্যোগপতিত্ব।

**কী শেখানো হবে:** এই কোর্সে প্রজাতি শনাক্তকরণ ও বিভিন্ন বৈশিষ্ট্যের মুরগির পরিচিতি, অর্ধ-নিবিড় মুরগি খামার ব্যবস্থাপনা, খামারবাড়ি পরিকল্পনা ও বিভিন্ন পালনপদ্ধতি, পালনপদ্ধতির সুবিধা ও অসুবিধা, স্বল্প খরচে মুরগির সুষম খাদ্য প্রস্তুতি, এলআইটি খামারের দৈনন্দিন কার্যকলাপ, মুরগির রোগ প্রতিরোধ ব্যবস্থা, ৫০০ পাখির খামার অর্থনীতি, সরকারি টিকাকরণ ও চিকিৎসার সুবিধা, সরকারি এলআইটি পাখি বিতরণের সুবিধা সম্পর্কে জানানো হবে। সফল উদ্যোগপতির সঙ্গে আলোচনার সুযোগ থাকবে।

**কোর্সের মেয়াদ:** ১২ মে থেকে ১৪ মে।

**আসন সংখ্যা:** ৩০।

**যোগ্যতা:** অন্তত মাধ্যমিক পাশ। পশ্চিমবঙ্গের বাসিন্দা হতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** ২,২৬৫ টাকা। থাকা-খাওয়া ও প্রশিক্ষণের খরচ এই ফিয়ের অন্তর্ভুক্ত।

**আবেদন গ্রহণের শেষ তারিখ:** ৩ মে।

**কীভাবে আবেদন করবেন:** আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটের AARM পেজে গিয়ে 'Farm Management Certificate Course on Rearing of LIT Birds' শীর্ষক ফর্মটি পূরণ করতে হবে। তথ্য যাচাইয়ের পর নির্বাচিত প্রার্থীকে এসএমএস অথবা ই-মেল মারফত কোর্স ফি জমা করার লিঙ্ক পাঠানো হবে। নির্বাচিত প্রার্থীদের ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ৬ মে।

**প্রতিষ্ঠানের ঠিকানা:** অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্ট, বড়জাগুলি, নদিয়া। বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: ৮৯৪২৮-২৩৭১২। তথ্য জানতে ই-মেল করতে পারেন এই আইডি-তে: aarmtraining@gmail.com

## মাশরুম চাষের অনলাইন প্রশিক্ষণ



**নিজস্ব প্রতিনিধি:** মাশরুম সুস্বাদু এবং স্বাস্থ্যকর সবজি। ঔষধিগুণ থাকায় ওষুধ তৈরির জন্যও চাহিদা বাড়ছে মাশরুমের। রপ্তানির বাজারও খুব ভালো। মাশরুমের চাষ সে জন্য খুবই লাভজনক। মাশরুম চাষে আবাদি জমির প্রয়োজন পড়ে না। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা ঘরে বসেই মাশরুম চাষ করতে পারেন।

মাশরুম চাষের পদ্ধতি সম্পর্কে অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। পঠনপাঠনের ভাষা হিন্দি এবং ইংরেজি। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। আগ্রহী মহিলা ও পুরুষ, উভয়ই আবেদন করতে পারেন।

**কোর্সের নাম:** মাশরুম প্রোডাকশন।

**কী পড়ানো হবে:** কম্পোস্ট প্রোডাকশন, স্পন প্রোডাকশন, এই চাষের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতির ব্যবহার, পরিবেশ, সার, কীটনাশক সম্পর্কে ধারণা ইত্যাদি।

**কোর্সের মেয়াদ:** ২২ থেকে ২৪ এপ্রিল। ক্লাসের সময় দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে চারটে পর্যন্ত।

**কোর্স ফি:** ৬,৫৫০ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in/ কোর্স সম্পর্কে বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

## কী পড়বেন, কোথায় পড়বেন

# ন্যাশনাল সুগার ইনস্টিটিউটে

## সার্টিফিকেট ও স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

চিনি-উৎপাদন সংক্রান্ত বেশ কয়েকটি সার্টিফিকেট এবং স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে কানপুরের ন্যাশনাল সুগার ইনস্টিটিউট। এটি কেন্দ্রের কনজিউমার অ্যাফেয়ার্স, ফুড অ্যান্ড পাবলিক ডিস্ট্রিবিউশন মন্ত্রক দ্বারা স্বীকৃত একটি প্রতিষ্ঠান। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

কোর্সের বিবরণ: **পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা: সুগার টেকনোলজি:** আসনসংখ্যা: ৬৬টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি, ফিজিক্স এবং ম্যাথমেটিক্স-সহ বি এসসি বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সুগার সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে স্নাতক ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

**সুগার ইঞ্জিনিয়ারিং:** আসনসংখ্যা: ৬২টি। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, প্রোডাকশন, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোলের মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতক অথবা এ এম আই ই (অ্যাসোসিয়েট মেম্বার অব ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স)।

**ইন্ডাস্ট্রিয়াল ফার্মেন্টেশন অ্যান্ড অ্যালকোহল টেকনোলজি:** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতক স্তরে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রি বা বায়োকেমিস্ট্রি বা ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। বায়োটেকনোলজি বা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা বায়োকেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য।

**সুগারকেন প্রোডাক্টিভিটি অ্যান্ড ম্যাচিওরিটি ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: এগ্রিকালচারে বি এসসি।

**কোয়ালিটি কন্ট্রোল অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স:** আসনসংখ্যা: ২২টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স-সহ বি এসসি বা জুলজি, বটানি ও কেমিস্ট্রি-সহ বি এসসি। অথবা এনভায়রনমেন্টাল সায়েন্সে বি এসসি। বায়োটেকনোলজি শাখায় বি এসসি বা বি টেক ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

**সার্টিফিকেট কোর্স: সুগার বয়েলিং:** আসনসংখ্যা: ৬৩টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। সঙ্গে কোনও ভ্যাকুয়াম প্যান সুগার ফ্যাক্টরিতে নমিনেশন-সহ অন্তত ৯০ দিনের (এক মরসুম) প্যান অপারেশনের অভিজ্ঞতা থাকতে হবে।

**কোয়ালিটি কন্ট্রোল:** আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ উচ্চমাধ্যমিক।

**বয়স:** সব ক্ষেত্রেই ১-৭-২০২৬ তারিখে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৭ জুন। রাজ্যের পরীক্ষাকেন্দ্র কলকাতা। পরীক্ষার অ্যাডমিট কার্ড ১ জুন থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.nsi.gov.in

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nsi.gov.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ১৬ এপ্রিল থেকে ২৫ মে পর্যন্ত।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: 10298336082 (Account Name: NSI KANPUR, IFSC Code: SBIN0001962, Account Type: Current Account, Bank Name: State Bank of India.)

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## স্কলারশিপের খোঁজখবর

### এন আই এস ই আর সামার ইন্টার্নশিপ প্রোগ্রাম ২০২৬

স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরত ছাত্রছাত্রীদের ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে ন্যাশনাল ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চের স্কুল অব কেমিক্যাল সায়েন্সেস।

**স্টাইপেন্ডের পরিমাণ:** প্রতি মাসে ৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NISER1 আবেদনের শেষ তারিখ ১০ এপ্রিল।

### এন আই ডি এম ইন্টার্নশিপ প্রোগ্রাম ২০২৬

ডিজাস্টার ম্যানেজমেন্ট, ডেভেলপমেন্ট স্টাডিজ, সোশ্যাল সায়েন্সেস, এনভায়রনমেন্টাল সায়েন্স, ইঞ্জিনিয়ারিং, হেলথ স্টাডিজ, আর্কিটেকচার, মিডিয়া অ্যান্ড পলিসি শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের সমাপ্তি বর্ষে পাঠরত, এম ফিল বা পি এইচ ডি কোর্সে পাঠরতদের ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের অধীনস্থ ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬৫ শতাংশ (প্রযোজ্য ক্ষেত্রে ৬০ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**স্টাইপেন্ডের পরিমাণ:** প্রতি মাসে সর্বাধিক ১৫,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/NIDM1 আবেদনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

৪ মার্চ-১৩ মার্চ

**৪ মার্চ** প্রবীন সাংবাদিক, রাজ্যসভার প্রাক্তন সদস্য, পদ্মভূষণ সম্মানে ভূষিত এইচ কে দুয়া (৮৮) প্রয়াত হলেন। প্রাক্তন প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী এবং এইচ ডি দেবগৌড়ার সংবাদমাধ্যম বিষয়ক উপদেষ্টার দায়িত্ব পালন করেছিলেন দুয়া। ডেনমার্কে ভারতের রাষ্ট্রদূতও ছিলেন। এর পাশাপাশি ভারতের একাধিক নামী সংবাদপত্রের সম্পাদক পদেও ছিলেন তিনি।

## মার্কিন হানায় শ্রীলঙ্কার উপকূলে ডুবল ইরানের রণতরী



৪ মার্চ: মার্কিন ডুবোজাহাজ থেকে ছোড়া টর্পেডোর আক্রমণে ভারত মহাসাগরে শ্রীলঙ্কার দক্ষিণ উপকূলের কাছে ডুবে গেল ইরানের যুদ্ধজাহাজ। শ্রীলঙ্কার সরকারি বয়ান অনুযায়ী তাতে ১৮০ জন সেনা ছিলেন। তাঁদের মধ্যে ৭৯ জনকে উদ্ধার করা হয়। এদিন রাতেই ৮৭ জনের মৃতদেহ পাওয়া যায়। আন্তর্জাতিক যৌথ প্রদর্শনী ও মহড়ায় যোগ দিতে ইরানের 'আইরিস দেনা' নামের ফ্রিগেট শ্রেণির জাহাজটি বিশাখাপত্তনমে এসেছিল। সরকারি ভাবে ভারতের পক্ষ থেকে এই ঘটনায় কোনও মন্তব্য করা হয়নি। বিরোধীরা এ নিয়ে প্রশ্ন তোলেন।

**৫ মার্চ** নেপালে গণবিক্ষোভে সরকার পতনের পরে অন্তর্বর্তী সরকারের তত্ত্বাবধানে সাধারণ নির্বাচন হল। সেদেশের নির্বাচন কমিশন জানিয়েছে ৬০ শতাংশেরও বেশি মানুষ ভোট দিয়েছেন। ২০২২ সালের নির্বাচনে অবশ্য এর চেয়ে বেশি ভোট পড়েছিল বলে নির্বাচন কমিশন সূত্রের খবর।

ভারত সফরে আসা ফিনল্যান্ডের প্রেসিডেন্ট আলেকজান্ডার স্টাবের সঙ্গে বৈঠকের পর ইরান এবং ইজরায়েল-মার্কিন জোটের সংঘাত নিয়ে প্রথম মুখ খুললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৈঠকের পর যৌথ সাংবাদিক সম্মেলনে মোদীর বক্তব্য, কেবলমাত্র সামরিক সংঘাত কোনও সমস্যার সমাধান হতে পারে না। তাঁর মতে, আইনের শাসন, আলোচনা ও কূটনীতি— সংঘাত নিরসনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। যৌথ সাংবাদিক বৈঠকে মোদী আরও বলেন, 'একটা সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে গোটা বিশ্ব। ইউক্রেন থেকে পশ্চিম এশিয়া বিশ্বের অনেক জায়গায় যুদ্ধ পরিস্থিতি।' বর্তমান আন্তর্জাতিক পরিস্থিতিতে রাষ্ট্রপুঞ্জের মতো আন্তর্জাতিক সংস্থাগুলির সংস্কার অত্যন্ত জরুরি বলে মনে করেন মোদী।



"টাকা ৯৫-১০০। বাজার পড়ছে। অর্থনীতি ধ্বংস হয়েছে। চাকরি নেই। আয় কমছে। মুছেছে সঞ্চয়। সিলিন্ডার মিলছে না। কেন? কারণ, প্রধানমন্ত্রী আপস করেছেন। ১৪০ কোটি দেশবাসী জানেন যে, তিনি ভারতের ভবিষ্যৎ সারেন্ডার করে দিয়েছেন।"

*রাহুল গান্ধী, কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা*
স্বাধীন ভারতের ইতিহাসে প্রথমবার ডলারের দাম ৯৫ টাকা পার হওয়ার পর

পশ্চিমবঙ্গের রাজ্যপাল সি ভি আনন্দ বোস ইস্তফা দিলেন। দিল্লিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে দেখা করে পদত্যাগ পত্র জমা দেন তিনি। বোসের ইস্তফার পরই স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানান তামিলনাড়ুর রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি পশ্চিমবঙ্গে রাজ্যপালের দায়িত্ব পেলেন। রবি প্রাক্তন আইপিএস এবং প্রাক্তন উপ জাতীয় নিরাপত্তা উপদেষ্টা। বোস ২০২২ সালের ১৭ নভেম্বর পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসেবে দায়িত্ব নেন। ২০২৭-এর নভেম্বর পর্যন্ত অর্থাৎ আরও ২০ মাস রাজ্যপাল হিসেবে তাঁর মেয়াদ ছিল।

**৬ মার্চ** আমেরিকা এদিন সরকারি-ভাবে ঘোষণা করে ভারতকে ৩০ দিনের সাময়িক ব্যবস্থা হিসেবে রাশিয়ার তেল কেনার 'ছাড়' দিল। যা নিয়ে বিতর্ক উঠেছে। মার্কিন রাজস্ব সচিব স্কট বেসেন্ট জানিয়েছেন রাশিয়ার যে তেল সমুদ্রে ভাসমান জাহাজে রয়েছে, শুধুমাত্র সেই তেল কেনার জন্যই ভারতকে 'অনুমতি' দেওয়া হচ্ছে। মার্কিন রাজস্ব বিভাগের এই নির্দেশিকার জেরে বিরোধীদের বক্তব্য, এ থেকেই স্পষ্ট, প্রধানমন্ত্রী মোদী বাণিজ্য চুক্তিতে রাজি হয়ে ভারত কোথা থেকে তেল কিনবে সেই সিদ্ধান্তও মার্কিন প্রশাসনের হাতে তুলে দিয়েছেন। অস্বস্তির মুখে সরকারের শীর্ষ সূত্র থেকে সাফাই দিয়ে বলা হয়েছে রাশিয়া থেকে তেল কেনা বন্ধ করেনি ভারত। তবে মার্কিন শুল্কের চাপে আমদানি যে বিপুল পরিমাণে কমানো হয়েছে সেকথা স্বীকার করে নিয়েছে সরকারি সূত্র।

ইরানের উপর হামলার সপ্তমদিনে মার্কিন প্রতিরক্ষা সচিব পিট হেগসেথ দাবি করলেন, ইরানের আকাশসীমা ও জলপথ তাঁদের পূর্ণ নিয়ন্ত্রণে রয়েছে। মার্কিন হাউসে সামরিক অভিযান বন্ধের প্রস্তাব নাকচ হয়ে যাওয়ার পর মার্কিন বি-২ বোমারু বিমান এবং ৫০টি ইজরায়েলি যুদ্ধবিমান তেহরানের পরমাণু পরিকাঠামো ও ভূগর্ভস্থ ক্ষেপণাস্ত্র ঘাঁটিতে বিধ্বংসী হামলা চালানোর দাবি করেছে। যুদ্ধের আঁচ গোটা পশ্চিম এশিয়ায় ছড়িয়ে পড়ায়, এই পরিস্থিতিকে 'বিশাল জরুরি অবস্থা' বলে ঘোষণা করেছে রাষ্ট্রপুঞ্জ। মার্কিন-ইজরায়েল জোটের হামলায় এদিন পর্যন্ত ইরানে নিহত সহস্রাধিক। বাস্তুচ্যুত লক্ষাধিক। দক্ষিণ ইরানের মিনাব শহরে একটি মেয়েদের প্রাথমিক স্কুলে ক্ষেপণাস্ত্র হামলায় অন্তত ১৭৫ জন শিশুকন্যার মৃত্যু হয়েছে।

## ইরানে সর্বোচ্চ ধর্মীয় নেতার পদে মোজতবা খামেনেই



৯ মার্চ: ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতার পদ পেলেন নিহত আয়াতোল্লা আলি খামেনেইয়ের পুত্র আয়াতোল্লা মোজতবা খামেনেই। সেদেশের 'অ্যাসেম্বলি অব এক্সপার্টস' সর্বসম্মতিক্রমে বেছে নিয়েছে ৫৬ বছর বয়সি মোজতবাকে। তিনি সর্বোচ্চ নেতার পদে বসতেই তাঁকে অভিনন্দন জানিয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। তবে ইরানের সর্বোচ্চ ধর্মীয় পদে খামেনেই পুত্রকে আমেরিকা মেনে নেবে না বলে জানিয়েছেন ট্রাম্প। তাঁর বক্তব্য, ইরানে শান্তি সম্প্রীতির পরিবেশ ফেরাতে পারবেন যিনি, এমন কাউকেই আমরা ওই পদে দেখতে চাই। অন্যদিকে, মোজতবা তাঁর বাবা আয়াতোল্লা আলি খামেনেইয়ের কাজ সসম্মানে এগিয়ে নিয়ে যাবেন বলে আশাপ্রকাশ করেছেন পুতিন। তিনি এও বলেছেন, 'ইরানের মানুষের প্রতি আমাদের সমর্থন রয়েছে। রাশিয়া ইরানের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বজায় রাখতে আগ্রহী।'

**৮ মার্চ** সৌদি আরবের তেল শোধনাগারে ইরানের হামলার জবাবে রাজধানী তেহরানের উপকণ্ঠে মজুত তেলের ভাণ্ডারে বড় ধরনের হামলা চালাল ইজরায়েল। অন্যদিকে, বাহরিনের রাজধানী মানামায় মার্কিন সেনার 'ফিফ্‌থ ফ্লিট'-এর দফতরে হামলা চালায় ইরান। ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র এবং ড্রোনের মিলিত হামলায় অন্তত ২১ জন মার্কিন নৌসেনার মৃত্যু হয়েছে বলে দাবি ইরানের। যুদ্ধ শুরুর আট দিন পর ইজরায়েলের পাশাপাশি উপসাগরীয় দেশগুলিতেও হামলা বাড়িয়েছে ইরান। রেভলিউশনারি গার্ডের তরফে জানানো হয়েছে, প্রয়োজনে আগামী টানা ছ'মাস ইজরায়েল ও আমেরিকার যৌথ বাহিনীর বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যেতে প্রস্তুত ইরান।

**৯ মার্চ** সংসদে উঠল পশ্চিম-এশিয়ার যুদ্ধ পরিস্থিতি। বিরোধীদের দাবি মেনে বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর সংসদে প্রসঙ্গটি তোলেন। তাঁর বক্তব্য শোনার পর কংগ্রেসের বিদেশনীতি সংক্রান্ত বিভাগ বিবৃতি প্রকাশ করে। জয়শঙ্কর কেন বিবৃতিতে ভারত মহাসাগরে ডুবে যাওয়া আইআরআইএস দেনা সম্পর্কে দুঃখপ্রকাশ করেননি বা ইরানের শীর্ষ ধর্মীয় নেতা আয়াতোল্লা আলি খামেনেই-এর হত্যা নিয়ে নীরব, সেই প্রশ্ন তোলা হয়েছে বিবৃতিতে।

## খামেনেইয়ের মৃত্যুর পাঁচদিন পর শোক জানাল ভারত



৫ মার্চ: ইরানের সর্বোচ্চ নেতা আয়াতোল্লা আলি খামেনেইয়ের মৃত্যুর পর পাঁচদিন নীরব থেকে এদিন বিলম্বিত শোকপ্রকাশ করল নয়াদিল্লি। কেন্দ্রের বিদেশ সচিব বিক্রম মিস্ত্রী নয়াদিল্লিতে ইরানের দূতাবাসে যান। ইরানি রাষ্ট্রদূতের সঙ্গে দেখা করে ভারত সরকারের তরফে শোকজ্ঞাপন করেন। এদিনই ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গেও টেলিফোনে কথা বলেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর।

**১০ মার্চ** বাংলাদেশে নতুন সরকার ক্ষমতায় আসার পর সেদেশের সামরিক গোয়েন্দা সংস্থার প্রধান মেজর জেনারেল মোহাম্মদ কায়সার রশিদ চৌধুরি নয়াদিল্লিতে ভারতীয় গোয়েন্দা কর্তাদের সঙ্গে বৈঠক করলেন। জানা গিয়েছে কায়সার রশিদ বৈঠক করেছেন ভারতের গোয়েন্দা সংস্থা 'র'-এর প্রধান পরাগ জৈন এবং সামরিক গোয়েন্দা প্রধান লেফটেন্যান্ট জেনারেল আর এস রমনের সঙ্গে। একে অন্যের দেশের মাটিকে ব্যবহার করে যেন কোনও নাশকতাকে প্রশ্রয় দেওয়া না হয়, সে বিষয়ে দু-পক্ষই একমত হয়েছে। প্রসঙ্গত, গত ১৮ মাস ধরে বন্ধ থাকা দ্বিপাক্ষিক যোগাযোগের পুরনো পথগুলো পুনরায় সচল করার বিষয়ে তাদের মধ্যে আলোচনা হয়।

পশ্চিমবঙ্গের ভোটার তালিকায় ৬০ লক্ষ 'বিবেচনাধীন' মানুষের মধ্যে যাঁদের নাম বাদ যাবে, তাঁদের আবেদন শোনার জন্য সুপ্রিম কোর্ট আপিল ট্রাইবুনাল গঠনের নির্দেশ দিল। জানা গিয়েছে যৌক্তিক অসঙ্গতি (লজিক্যাল ডিসক্রিপেন্সি) এবং আন-ম্যাপড তালিকায় থাকা ৬০ লক্ষ ভোটারের মধ্যে এখনও পর্যন্ত ১০ লক্ষ ১৬ হাজার 'বিবেচনাধীন' নামের নিষ্পত্তি করতে পেরেছেন বিচারকেরা। বিধানসভা নির্বাচনের আগে এই প্রক্রিয়া শেষ হবে কিনা, তা নিয়ে রাজ্য সরকারের আইনজীবীরা সুপ্রিম কোর্টে প্রশ্ন তোলেন। তার পরিপ্রেক্ষিতে শীর্ষ আদালতের প্রধান বিচারপতি সূর্য কান্ত বলেছেন, 'ভোটের আগে যদি কোনও ভোটারের যোগ্যতা নিয়ে সংশয় কেটে যায়, তাহলে তিনি ভোট দিতে পারবেন।'

## তারুণ্যের জোয়ারে নেপালে রেকর্ড গড়ে জয় বলেন্দ্রর দলের



৭ মার্চ: নেপালে রেকর্ড গড়ে নির্বাচনে জয়ী হল কাঠমান্ডুর মেয়র বলেন্দ্র শাহের দল রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টি (আরএসপি)। মাত্র চার বছর আগে (২০২২) রবি লামিছানে দলটি তৈরি করেছিলেন। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, ১৬৫টি আসনের মধ্যে ১৫২টির ফল ঘোষণার পর ইতিমধ্যেই ১১৭ আসনে জয় পেয়ে গিয়েছে আরএসপি। এই ফলাফলে বড় ধাক্কা খেয়েছে রাজনৈতিকভাবে অস্থির পাহাড়ি দেশটির দীর্ঘদিনের প্রতিষ্ঠিত দলগুলি। বলেন্দ্র নিজেই হারিয়েছেন প্রাক্তন প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলিকে। এমন পরিস্থিতি দীর্ঘদিন ধরে নেপালের মানুষের মধ্যে জমে থাকা ক্ষোভের বহিঃপ্রকাশ বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকেরা। উল্লেখ্য, গত বছর সেপ্টেম্বরে 'জেন জি' বিক্ষোভের তোড়ে পতন হয়েছিল দেশের তৎকালীন ওলি সরকারের।

## নিউজিল্যান্ডকে হারিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপ জয় ভারতের




৮ মার্চ: আমেদাবাদে নিউজিল্যান্ডকে ৯৬ রানে হারিয়ে টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতল ভারত। এই নিয়ে পর পর দু-বার টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতল ভারত, যে নজির আর কোনও দেশের নেই। এদিন প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ভারতীয় দল ২৫৫ রান তোলে। সঞ্জু স্যামসনের ৪৬ বলে ৮৯, অভিষেক শর্মার ২১ বলে ৫২ এবং ঈশান কিষণের ২৫ বলে ৫৪ ভারতকে ২৫৫ রানে পৌঁছে দেয়। ম্যাচের দ্বিতীয় ইনিংসে যশপ্রীত বুমরার ১৫ রানে ৪ উইকেট এবং অক্ষর পটেল-এর ২৭ রানে ৩ উইকেট নিউজিল্যান্ডকে ম্যাচে ফিরতে দেয়নি। ম্যাচের সেরা হন বুমরা।

# কারেন্ট অ্যাফেয়ার্স ২

পশ্চিমবঙ্গে বিধানসভা ভোটের আগে মোদী সরকার ৪,৪৭৪ কোটি টাকার দু'টি রেল-প্রকল্প ঘোষণা করল। সাঁতরাগাছি থেকে খড়্গপুর পর্যন্ত ১১১ কিলোমিটার দীর্ঘ চতুর্থ রেললাইন তৈরির সিদ্ধান্তে সিলমোহর দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। হাওড়া, পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের মধ্যে দিয়ে এই প্রকল্পে খরচ হবে প্রায় ২,৯০৫ কোটি টাকা। একইসঙ্গে, বীরভূমের সাঁইথিয়া থেকে ঝাড়খণ্ডের পাকুর পর্যন্ত ৮১ কিলোমিটার চতুর্থ রেললাইন তৈরির সিদ্ধান্তও হয়েছে। এই প্রকল্পে খরচ হবে ১,৫৬৯ কোটি টাকা। কাজ শেষ করার জন্য চার বছরের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

## বিশ্বকাপ ফুটবলে না খেলার সিদ্ধান্ত ইরানের



**১১ মার্চ:** আসন্ন ফুটবল বিশ্বকাপে ইরানের খেলার প্রশ্নই নেই বলে জানিয়ে দিলেন সেদেশের ক্রীড়ামন্ত্রী আহমেদ দোনিয়ামালি। এবারের ফুটবল বিশ্বকাপের আয়োজক দেশগুলি হল আমেরিকা, কানাডা এবং মেক্সিকো। পশ্চিম এশিয়ায় যুদ্ধের আবহেই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে ফুটবল বিশ্বকাপে খেলার অনুমতি দিয়েছেন বলে এদিন দাবি করেন ফিফা প্রধান জিয়ান্নি ইনফান্তিনো। তার কয়েক ঘণ্টার মধ্যেই ইরানের ক্রীড়ামন্ত্রীর বক্তব্য প্রকাশ্যে আসে। একটি টেলিভিশন সাক্ষাৎকারে দোনিয়ামালি বলেন, 'আমেরিকার দুর্নীতিগ্রস্থ সরকার আমাদের নেতাকে হত্যা করেছে। আমাদের শিশুরা নিরাপদ নয়। এই অবস্থায় স্বাভাবিক ভাবেই বিশ্বকাপে খেলা সম্ভব নয়।'

**১১ মার্চ** ইরানের সঙ্গে আমেরিকা এবং ইজরায়েলের সংঘর্ষ থামাতে আর মধ্যস্থতাকারীর কাজ করবে না বলে জানাল কাতার। সেদেশের বিদেশ প্রতিমন্ত্রী মহম্মদ বিন আব্দুল আজিজ আল-খুলাইফি জানান, আমেরিকা-ইজরায়েলের সঙ্গে ইরানের সেতুবন্ধনের কাজ করেছে কাতার ও ওমান। কিন্তু তেহরান তাদের উপরেই বার বার হামলা চালিয়ে যাচ্ছে। আল-খুলাইফি বলেছেন, 'আঞ্চলিক দেশগুলি ইরানের শত্রু নয়। কিন্তু ইরান এই বিষয়টি বুঝতেই পারছে না। এই অবস্থায় মধ্যস্থতাকারীর ভূমিকা পালন সম্ভব নয়।'

আর্থিক স্বাস্থ্যের মাপকাঠিতে পশ্চিমবঙ্গ দেশের ১৮টি বড় রাজ্যের মধ্যে শেষ সারিতে রয়েছে বলে জানাল নীতি আয়োগ। সংস্থার মতে, রাজ্যগুলির মধ্যে একেবারে শেষে রয়েছে কেরল, পশ্চিমবঙ্গ, অন্ধ্রপ্রদেশ ও পঞ্জাব। এদিন নীতি আয়োগ আর্থিক স্বাস্থ্যের মাপকাঠিতে রাজ্যগুলি কে কোথায় রয়েছে, তা নিয়ে ২০২৬-এর দ্বিতীয় বার্ষিক রিপোর্ট পেশ করেছে। সামগ্রিকভাবে রিপোর্ট বলছে, গতবছরের মতোই ওড়িশা এবারও প্রথম স্থানে আছে। গোয়া, ঝাড়খণ্ড উপরের দিকে উঠে এসেছে। প্রথম পাঁচের মধ্যে আছে মহারাষ্ট্র, গুজরাটও।

**১২ মার্চ** জাপানের রেনকোজি মন্দির থেকে নেতাজির চিতাভস্ম ভারতে ফেরানোর আর্জি শুনতে অস্বীকার করল সুপ্রিম কোর্ট। নেতাজির পরিবারের তরফে শরৎচন্দ্র বসুর দৌহিত্র আশিস রায় মামলাটি করেছিলেন। প্রধান বিচারপতি সূর্য কান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলির বেঞ্চ বলেছে, এই বিষয়ে মামলা যদি করতেই হয় তাহলে নেতাজি কন্যা অনিতা বসু পাফকেই করতে হবে। এদিনের শুনানিতে অবশ্য ভার্চুয়ালি উপস্থিত ছিলেন অনিতা। কিন্তু শীর্ষ আদালত জানায়, নেতাজির পরিবারের বিভিন্ন সদস্যের কাছ থেকে বার বার একই ধরনের আবেদন আদালত গ্রহণ করতে পারে না। এরপরেই আইনজীবী অভিষেক মনু সিঙ্ঘভি আবেদন প্রত্যাহার করেন।

## নতুন রাজ্যপাল হিসেবে শপথ নিলেন রবি



**১২ মার্চ:** পশ্চিমবঙ্গের নবনিযুক্ত রাজ্যপাল হিসেবে লোকভবনে (রাজভবনের বর্তমান নাম) শপথ নিলেন আর এন রবি। অতীতে বিভিন্ন রাজ্যপালের সঙ্গে রাজ্য প্রশাসনের বিরোধ বাধলেও এদিন শপথগ্রহণ অনুষ্ঠানে নতুন রাজ্যপালের সঙ্গে সৌজন্য বিনিময় করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যপালের উদ্দেশে বাংলার 'ভালোবাসার' ঐতিহ্যের কথা বলেন মুখ্যমন্ত্রী। অন্যদিকে, শপথ গ্রহণের পরেই রাজ্যের সাংস্কৃতিক ঐতিহ্য তুলে ধরে সমাজমাধ্যমে বাংলায় 'পোস্ট' করেছেন নবনিযুক্ত রাজ্যপালও। এদিন লোকভবনের সর্দার পটেল ইউনিট হলে পশ্চিমবঙ্গের ২২তম রাজ্যপাল হিসেবে শপথ নিয়েছেন রবি। তাঁকে শপথবাক্য পাঠ করান কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পাল।

**জর্ডন এবং উপসাগরীয় সহযোগিতা** পরিষদে (জিসিসি) অন্তর্ভুক্ত দেশগুলির উপরে ইরানের হামলার তীব্র নিন্দা জানিয়ে রাষ্ট্রপুঞ্জের নিরাপত্তা পরিষদে একটি প্রস্তাব পেশ হল। তাৎপর্যপূর্ণভাবে ভারত এই প্রস্তাবকে সমর্থন করেছে। প্রস্তাবে ইরানকে অবিলম্বে হামলা বন্ধ করার আহ্বান জানানো হয়েছে। পনেরো সদস্যের নিরাপত্তা পরিষদ এই প্রস্তাব গ্রহণ করার পর এর পক্ষে ১৩৫টি দেশ ভোট দেয়। বিপক্ষে কোনও ভোট পড়েনি। তবে ভেটো দেওয়ার ক্ষমতার অধিকারী রাশিয়া ও চিন ভোটদান থেকে বিরত ছিল।

**পশ্চিম এশিয়ায় যুদ্ধ শুরুর পর** থেকে এদিন পর্যন্ত বম্বে স্টক এক্সচেঞ্জ (বিএসই)-র লগ্নিকারীরা হারালেন ২৩.৪৪ লক্ষ কোটি টাকার শেয়ার সম্পদ। এই ক'দিনে সেনসেক্স পড়েছে ৫২৫২.৭৭ পয়েন্ট। আমেরিকার ট্রাম্প প্রশাসনের তরফে পশ্চিম এশিয়ায় যুদ্ধ শেষ হওয়া নিয়ে মিশ্র বার্তা আসা, হরমুজ প্রণালী অবরোধের মতো কারণে শেয়ার বাজার ও টাকার দরে পতন অব্যাহত রয়েছে। বিশ্ব বাজারে এদিন অশোধিত তেলের দাম বেড়ে যাওয়ায় শেয়ার বিক্রি করতে শুরু করে বিদেশি আর্থিক সংস্থা-সহ লগ্নিকারীরা।

## দেশ জুড়ে রান্নার গ্যাস সংকটে আশ্বাস কেন্দ্রের



**১৩ মার্চ:** সারা দেশে রান্নার গ্যাসের বুকিংয়ে লম্বা লাইন ও গ্রাহকদের উদ্বেগ কমাতে রাষ্ট্রায়ত্ত তেল-গ্যাস সংস্থাগুলির কল সেন্টারের কর্মী ও টেলিফোন লাইন বাড়ানোর সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রক এদিন সাধারণ মানুষকে বার্তা দিয়েছে, রান্নার গ্যাস বুকিংয়ের জন্য লাইন দেওয়ার প্রয়োজন নেই। ফোন, ওয়টসঅ্যাপ, এসএমএস বা অ্যাপের মাধ্যমেই বুকিং করা যাচ্ছে। পশ্চিম এশিয়ায় যুদ্ধের আগে যেমন প্রতিদিন গড়ে ৫০ লক্ষ সিলিন্ডার সরবরাহ হত, এখনও তাই হচ্ছে বলে পেট্রোলিয়াম মন্ত্রক জানিয়েছে। এই প্রসঙ্গে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন জানিয়েছেন, আন্তর্জাতিক বাজারের ওঠানামা বা 'গ্লোবাল শক' সামাল দিতে ১ লক্ষ কোটি টাকার অর্থনীতিকে স্থিতিশীল করার তহবিল (ইকনমিক স্টেবিলাইজেশন ফান্ড) তৈরি করা হচ্ছে। পশ্চিম এশিয়ার যুদ্ধের মতো 'অজানা সমস্যা'কে সামাল দিতেই এই তহবিল।

**ইরানে হামলার বিরোধিতা করায়** এবং মার্কিন যুদ্ধবিমানগুলিকে স্পেনের বিমানঘাঁটি ব্যবহার করতে দিতেও অস্বীকার করায় এবার স্পেনের সঙ্গে সমস্তরকম বাণিজ্যিক সম্পর্ক ছেদ করার হুমকি দিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। স্পেন পশ্চিমি সামরিক জোট নেটোর প্রতিরক্ষা সংক্রান্ত কোনও প্রতিশ্রুতি মানছে না বলে ক্ষোভ প্রকাশ করেন ট্রাম্প। প্রসঙ্গত, গাজার গণহত্যা নিয়ে মাদ্রিদ গতবছর ইজরায়েলের বিরুদ্ধেও সরব হয়েছিল। তখন, থেকেই স্পেনের উপরে ক্ষুব্ধ মার্কিন-ইজরায়েল জোট। স্পেন অবশ্য নিজের অবস্থানে অনড় রয়েছে। তারা এদিনই ঘোষণা করেছে ইজরায়েলের তেল আভিভ থেকে স্পেনের রাষ্ট্রদূত আনা সালোমনকে ফিরিয়ে আনা হবে। স্পেনের কোনও রাষ্ট্রদূত ইজরায়েলে থাকবে না। ইজরায়েল সরকার অবশ্য আগেই এই পদক্ষেপ করেছে।


AmbujaNeotia
THE NEOTIA UNIVERSITY
জ্ঞানম্ প্রাণম্ সর্বোদয়
Approved Under Sec.2(f) of UGC Act 1956

Invites Applications

Send Resumes @ career2026@tnu.in

CITY OFFICE

- Manager/Executive-HR
- Manager/Executive-Accounts & Procurement

CAMPUS

- Head of Career Advancement & Training.
- DGM-Administration (Ex Policeman at Assistant Commissioner level).
- Placement Executives.
- Associate Prof. & HOD – Clinical Psychology.
- Manager - HR.
- Admission Counsellor.

City Office : Vishwakarma 86C Topsia Road (S), Kolkata-700 046
Campus : Sarisha, Diamond Harbour Road, 24 Parganas (S), West Bengal - 743368

প্রকাশিত হল



ধনঞ্জয় সরকার রচিত
একাদশ শ্রেণির প্রথম ও দ্বিতীয় সেমিস্টারের
আদর্শ রসায়ন

বিশ্বদীপ মণ্ডল ও নীলোৎপল ত্রিপাঠী রচিত
একাদশ ও দ্বাদশ শ্রেণির প্রথম ও তৃতীয় সেমিস্টারের
আদর্শ জীববিদ্যা



একাদশ ও দ্বাদশ শ্রেণির সেমিস্টার I ও সেমিস্টার III-এর বাংলা, ইংরেজি, সংস্কৃত এবং ইতিহাস সহায়িকাও প্রকাশিত হয়েছে।

প্রান্তিক
ছাত্রছাত্রীদের প্রকৃত বন্ধু
১৮, ডা. কার্তিক বোস স্ট্রিট, কলকাতা - ৭০০০০৯
ফোন : (০৩৩) ২৩৫০ ৯৩৫১, ২৩৫২ ৬৭১২
E-mail : prantik.publisher@gmail.com
Website : www.prantik.in
www.facebook.com/PRANTIKPRAKASHANI

SYMBIOSIS CENTRE FOR MANAGEMENT STUDIES, PUNE
॥वसुधैव कुटुम्बकम्॥
020-26557100 / 103 / 110 | +91 8669667074
info@scmspune.ac.in / ao@scmspune.ac.in www.scmspune.ac.in
Celebrating 50 Years of Excellence

Two degrees. Infinite possibilities.




ADMISSIONS 2026 OPEN

Bachelor of Business Administration (BBA)
4-year Honours / Honours with Research
- Seven specialisations with option of dual specialisation
- Shaping future-ready global leaders for a sustainable world

Global BBA
Dual Degree in collaboration with Deakin University, Australia
- Year 1 at SCMS-Pune, Year 2 at SIU-Dubai, Year 3 & 4 at Deakin University, Australia

Admission Process
Step 1: Register and pay for SET by April 15, 2026
Step 2: Register and pay for the SCMS-Pune programme by May 18, 2026
For Online Registration Visit: www.set-test.org and www.scmspune.ac.in
Entrance Test (SET): May 2 and 10, 2026

Dr. Adya Sharma, Director, SCMS, Pune

SYMBIOSIS INTERNATIONAL (DEEMED UNIVERSITY)
(Established under Section 3 of the UGC Act, 1956) | Re-accredited by NAAC with 'A++' grade | Awarded Category – I by UGC
No Capitation fee/Donation is charged for admission to any programme at any Symbiosis Institute

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

54. কোন ঘটনার মাধ্যমে অসহযোগ আন্দোলনের সমাপ্তি ঘটে।
(a) দিল্লি ঘটনা (b) লাহোর ঘটনা (c) চৌরিচৌরা ঘটনা (d) বোম্বে ঘটনা
55. মিরাট ষড়যন্ত্র মামলা কাদের বিরুদ্ধে চালানো হয়?
(a) শ্রমিকদের বিরুদ্ধে (b) কমিউনিস্ট নেতাদের বিরুদ্ধে (c) লিগ পন্থীদের বিরুদ্ধে (d) নরমপন্থীদের বিরুদ্ধে
56. যুগান্তর পত্রিকা কবে প্রকাশিত হয়?
(a) 1909 (b) 1905 (c) 1906 (d) 1907
57. 1946 সালে কোথায় তেভাগা অন্দোলন হয়েছিল?
(a) পাঞ্জাব (b) বাংলা (c) গুজরাট (d) বিহার
58. লিখিত কোন মামলার সঙ্গে রামপ্রসাদ বিসমিল জড়িত ছিলেন?
(a) আলিপুর বোমা মামলা (b) কাকোরি ষড়যন্ত্র মামলা (c) মিরাট ষড়যন্ত্র মামলা (d) কানপুর ষড়যন্ত্র মামলা
59. 1857 সালের মহাবিদ্রোহের সময় ভারতবর্ষের কোন অংশ বিদ্রোহে অংশগ্রহণ থেকে বিরত ছিল?
(a) উত্তর ভারত (b) দক্ষিণ ভারত (c) পশ্চিম ভারত (d) মধ্য ভারত
60. কোন ঘটনার পরিপ্রেক্ষিতে সীতানাথ ভাদুড়ি বিখ্যাত বাংলা উপন্যাস 'জাগরী' রচনা করেছিলেন?
(a) রিন বিদ্রোহ (b) ভারত ছাড়ো আন্দোলন (c) আইন অমান্য আন্দোলন (d) অসহযোগ আন্দোলন
61. অসহযোগ আন্দোলনের উদ্দেশ্যগুলি কী কী ছিল?
(a) খলিফার ক্ষমতাকে সংরক্ষণ করা (b) পাঞ্জাব ত্রুটির সমাধান করা (c) এক বছরের মধ্যে স্বরাজ অর্জন করা (d) উপরের সবক'টি
62. দ্বিতীয় গোলটেবিল বৈঠকে যোগ দিতে গান্ধীজি কোন জাহাজে করে লন্ডনে গিয়েছিলেন?
(a) HMS রাজপুত (b) HMS ক্রান্তি (c) HMS রাজপুতানা (d) HMS বিজয়
63. কলকাতা মাদ্রাসা কত সালে স্থাপিত হয়েছিল?
(a) 1783 (b) 1782 (c) 1784 (d) 1781
64. ভারতবর্ষের প্রথম কোন ব্যক্তি বেসরকারিভাবে ইংল্যান্ডে ভারতের প্রতিনিধিত্ব করেছিলেন?
(a) বিদ্যাসাগর (b) কেশব চন্দ্র সেন (c) রাজা রামমোহন রায় (d) দাদাভাই নওরোজি
65. কার সময় 1911 সালে কলকাতা থেকে দিল্লিতে রাজধানী স্থানান্তরিত হয়?
(a) লর্ড মিন্টো (b) লর্ড হার্ডিঞ্জ (c) লর্ড মিন্ট (d) লর্ড হেস্টিংস
66. 'সোমপ্রকাশ' সংবাদপত্রের সূচনা কে করেছিলেন?
(a) গোপালকৃষ্ণ গোখলে (b) দয়ানন্দ সরস্বতী (c) রাজা রামমোহন রায় (d) বিদ্যাসাগর
67. কে অরবিন্দ ঘোষকে স্বদেশিকতার ধর্মগুরু আখ্যা দিয়েছেন?
(a) বিপিনচন্দ্র পাল (b) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) মহাত্মা গান্ধী
68. কোন পত্রিকায় প্রথম বঙ্গভঙ্গ রদের ডাক দেওয়া হয়?
(a) সঞ্জীবনী (b) সংবাদ কৌমুদী (c) ডন (d) সংবাদ প্রভাকর
69. বিদেশের মাটিতে প্রথম কমিউনিস্ট পার্টি কে তৈরি করেন?
(a) মোজাফফর আহমেদ (b) সত্য ভক্ত (c) জামিল আহমেদ (d) মানবেন্দ্রনাথ রায়
70. মহাত্মা গান্ধী কাকে রাজনৈতিক গুরু হিসেবে মানতেন?
(a) লালা লাজপত রায় (b) অরবিন্দ ঘোষ (c) বালগঙ্গাধর তিলক (d) গোপালকৃষ্ণ গোখলে
71. অল বেঙ্গল ওয়ার্কাস অ্যাসোসিয়েশন-এর প্রতিষ্ঠাতা হলেন:
(a) জামিল আহমেদ (b) মোজাফফর আহমেদ (c) চিত্তরঞ্জন দাশ (d) সুরেন্দ্রনাথ ব্যানার্জি
72. সর্বভারতীয় কৃষক সভা প্রতিষ্ঠিত হয়:
(a) 1936 সালে (b) 1937 সালে (c) 1934 সালে (d) 1935 সালে
73. গদর পার্টির সদর দপ্তর কোথায় ছিল?
(a) প্যারিস (b) নিউইয়র্ক (c) সানফ্রান্সিসকো (d) লন্ডন
74. অল ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেসের প্রথম সভাপতি ছিলেন:
(a) লালা লাজপত রায় (b) এম এন জোশি (c) সত্য ভক্ত (d) বি টি রনদেভ
75. নাট্যাভিনয় নিয়ন্ত্রণ আইন কত সালে পাশ হয়?
(a) 1880 (b) 1875 (c) 1878 (d) 1876
76. কোন মুসলিম পণ্ডিত মাহমুদ গাজির সহযোগী ছিলেন?
(a) আমির খসরু (b) ফিরিস্তা (c) অলবিরুনি (d) ইবন বতুতা
77. পতঞ্জলি কোন প্রাচীন শাসকের সমসাময়িক ছিলেন?
(a) প্রথম নরসিংহ বর্মন (b) শশাঙ্ক (c) পুষ্যমিত্র শুঙ্গ (d) হল
78. চোল যুগ কীসের জন্য বিখ্যাত ছিল?
(a) সিংহলের সঙ্গে বাণিজ্য (b) রাষ্ট্রকূটদের সঙ্গে সংঘর্ষ (c) গ্রামীণ সমাবেশ (d) কোনওটিই নয়
79. প্রাচীনকালে কোন শাসক অঙ্গ জয় করেছিলেন?
(a) বিম্বিসার (b) বিন্দুসার (c) অজাত শত্রু (d) কেউই নন
80. বিজয়নগর সাম্রাজ্যে যে সোনার মুদ্রা প্রচলিত ছিল তাকে বলা হত:
(a) দিনার (b) প্যাগোডা (c) রাহ (d) b ও c উভয়ই
81. হিন্দু দর্শনের সঙ্গে সুফি দর্শনের কোন ক্ষেত্রে মিল দেখা যায়?
(a) কল্প (b) জ্ঞান (c) ভক্তি (d) কর্ম
82. হলায়ুধ কার রাজসভার একজন শাস্ত্রজ্ঞ পণ্ডিত ছিলেন?
(a) হেমন্ত সেন (b) ধর্মপাল (c) বিজয় সেন (d) লক্ষ্মণ সেন
83. অথর্ববেদে কতগুলি মন্ত্র রয়েছে?
(a) 1028 (b) 1005 (c) 735 (d) 731
84. কুতুব মিনারের পুনর্নির্মাতা কে?
(a) আলাউদ্দিন খিলজি (b) ফিরোজ শাহ তুঘলক (c) কুতুবুদ্দিন আইবক (d) ইলতুৎমিস
85. কোন গ্রন্থে বরেন্দ্রভূমি পাল রাজাগণের পিতৃভূমি বলে বর্ণিত হয়েছে?
(a) গৌড়বাহ (b) স্বপ্নবাসবদত্তা (c) হর্ষচরিত (d) রামচরিত
86. লাহোরে মতি মসজিদ কে নির্মাণ করেন?
(a) জাহাঙ্গির (b) শাহজাহান (c) আকবর (d) ঔরঙ্গজেব
87. 'হৈন্দব ধর্মোদ্ধারক' উপাধিটি কোন ব্যক্তি লাভ করেন?
(a) প্রথম বাজিরাও (b) অশোক (c) শিবাজি (d) দ্বিতীয় বাজিরাও
88. শুদ্ধ অদ্বৈতবাদ দর্শনের প্রবর্তক কে ছিলেন?
(a) বল্লভাচার্য (b) বিদ্যাপতি (c) চৈতন্য (d) মাধবাচার্য
89. আকবরের সাম্রাজ্য ক'টি প্রদেশ বা সুবায় বিভক্ত ছিল?
(a) 13 (b) 20 (c) 25 (d) 15
90. ইবাদতখানা কে প্রতিষ্ঠা করেন?
(a) শাহজাহান (b) বাবর (c) হুমায়ুন (d) আকবর
91. কাশ্মীরের আকবর কাকে বলা হয়?
(a) জয়নাল আবেদিন (b) ফিরোজ শাহ তুঘলক (c) সিকান্দার শাহ (d) ইব্রাহিম আদিল শাহ
92. কুষাণ যুগের দ্বিতীয় রাজধানীটির নাম কী ছিল?
(a) কৌশাম্বি (b) অমরাবতী (c) পাটলিপুত্র (d) মথুরা
93. কনৌজের রাজসভায় কবি বাকপতি কোন কাব্য রচনা করেন?
(a) তহকিক ই হিন্দ (b) মুদ্রা রাক্ষস (c) গৌড়বাহ (d) অষ্টাধ্যায়ী
94. হুমায়ুন যে যুদ্ধে আফগান বাহিনীকে পরাজিত করে ভারত সাম্রাজ্য ফিরে পেয়েছিলেন তার নাম:
(a) খানুয়ার যুদ্ধ (b) সিরহিন্দের যুদ্ধ (c) চৌসার যুদ্ধ (d) বিল্বগ্রামের যুদ্ধ
95. কোন মুঘল সম্রাট শেষবার ময়ূর সিংহাসনে বসেছিলেন?
(a) মহম্মদ শাহ (b) আলমগীর (c) ফারুকশিয়ার (d) বাহাদুর শাহ
96. সাতবাহনদের রাজধানী কোথায় ছিল?
(a) মথুরা (b) উজ্জয়িনী (c) রাজগৃহ (d) পৈঠান
97. কার আমলে মঙ্গলরা প্রথম ভারত আক্রমণ করেন?
(a) রাজিয়া (b) আলাউদ্দিন খিলজি (c) বলবন (d) ইলতুৎমিস
98. প্রথম ইঙ্গো মারাঠা যুদ্ধ কবে হয়েছিল?
(a) 1775 সালে (b) 1777 সালে (c) 1772 সালে (d) 1770 সালে
99. সপ্তজাতিতত্ত্বের প্রবর্তক কে ছিলেন?
(a) সুদাস (b) বলবন (c) মেগাস্থিনিস (d) কৌটিল্য
100. 'বিজক' গ্রন্থটির রচয়িতা কে?
(a) নামদেব (b) নানক (c) শঙ্করাচার্য (d) কবির
101. সংবিধানের কোন সংশোধনীর মাধ্যমে নবম তপশিল সংযোজিত হয়?
(a) চতুর্থ (b) প্রথম (c) দ্বিতীয় (d) তৃতীয়
102. রাজ্যসভার এক-তৃতীয়াংশ সদস্য কত বছর অন্তর অবসর নেন?
(a) 3 (b) 2 (c) 1 (d) 5
103. দু'টি দেশের মধ্যে পণ্য বিনিময় কী হিসেবে পরিচিত?
(a) বাণিজ্যিক আয়তন (b) বহুমুখী বাণিজ্য (c) দ্বিপাক্ষিক বাণিজ্য (d) বাণিজ্যিক ভারসাম্য
104. প্রতিরক্ষা খাতে ব্যয় হল:
(a) বেসরকারি বিনিয়োগ (b) বেসরকারি ব্যয় (c) সরকারি ব্যয় (d) সরকারি বিনিয়োগ
105. কে অর্থনীতিতে স্ট্যাগফ্লেশন শব্দটির উদ্ভাবন করেন?
(a) উইলিয়াম ফিলিপ্স (b) লেইন ম্যাকলেড (c) জে এম কেইনস (d) মিলটন ফ্রেডম্যান
106. চেলিয়া কমিটি কীসের জন্য গঠিত হয়?
(a) ব্যাঙ্ক জালিয়াতি (b) কর সংস্কারের জন্য (c) পঞ্চায়েত রাজ ব্যবস্থা (d) মেধাসত্ব সংক্রান্ত
107. সারা বিশ্বের ব্যাঙ্ক ব্যবস্থার উদ্দেশ্যে কোন কমিটি গঠিত হয়েছিল?
(a) হোতা কমিটি (b) সারকারিয়া কমিশন (c) সাংভি কমিটি (d) খান কমিটি
108. রাষ্ট্রপতি এবং সংসদের মধ্যে সম্পর্ক রক্ষাকারী ব্যক্তি হলেন:
(a) প্রধানমন্ত্রী (b) লোকসভার অধ্যক্ষ (c) পার্লামেন্ট অ্যাফেয়ার্স মন্ত্রী (d) উপরাষ্ট্রপতি

### উত্তর

1(d), 2(a), 3(c), 4(b), 5(c), 6(a), 7(d), 8(d), 9(a), 10(b), 11(c), 12(d), 13(c), 14(c), 15(b), 16(a), 17(d), 18(a), 19(d), 20(b), 21(c), 22(a), 23(a), 24(a), 25(b), 26(c), 27(c), 28(b), 29(a), 30(c), 31(c), 32(b), 33(d) , 34(c), 35(b), 36(b), 37(d), 38(c), 39(a), 40(a), 41(a), 42(c), 43(d), 44( c), 45(d), 46(c), 47(c), 48(a), 49(c), 50(d), 51(c), 52(d), 53(b), 54(c), 55(b), 56(c), 57(b), 58(b), 59(b), 60(b), 61(d), 62(c), 63(d), 64(d), 65(b), 66(d), 67(b), 68(a), 69(d), 70(d), 71(b), 72(a), 73(c), 74(a), 75(d), 76(c), 77(c), 78(c), 79(a), 80(d), 81(d), 82(d), 83(d), 84(b), 85(d), 86(a), 87(c), 88(a), 89(d), 90(d), 91(a), 92(d), 93(c), 94(b), 95(a), 96(d), 97(d), 98(a), 99(b), 100(d), 101(b), 102(b), 103(c), 104(c), 105(b), 106(b), 107(d), 108(b).

এরপর আগামী সংখ্যায়
*প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার*

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) বিম্বিসার (b) চন্দ্রগুপ্ত মৌর্য (c) বিন্দুসার (d) অজাতশত্রু
35. ভারতের উচ্চতম পর্বতশৃঙ্গ কোনটি?
(a) নন্দাদেবী (b) অন্নপূর্ণা (c) কাঞ্চনজঙ্ঘা (d) $K_2$
36. আন্তর্জাতিক মহিলা দিবস হল:
(a) 8 মার্চ (b) 7 মার্চ (c) 6 মার্চ (d) 5 মার্চ
37. ছত্রপতি শিবাজির রাজধানী কোনটি ছিল?
(a) নাসিক (b) হায়দ্রাবাদ (c) রায়গড় (d) শ্রীরঙ্গপট্টম
38. আমেরিকার জাতীয় খেলা কোনটি?
(a) বেসবল (b) বাস্কেটবল (c) ফুটবল (d) গল্ফ
39. বারবাটি স্টেডিয়াম কোন শহরে অবস্থিত?
(a) কানপুর (b) কটক (c) জামশেদপুর (d) কলকাতা
40. 'Jockey' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ঘোড়দৌড় (b) গল্ফ (c) রাগবী (d) ফুটবল
41. 'কন্নড' কোন রাজ্যের সরকারি ভাষা?
(a) গোয়া (b) কর্নাটক (c) কেরল (d) পুডুচেরি
42. উইঘুর জনজাতির মানুষরা নীচের কোথায় বসবাস করে?
(a) জার্মানি (b) জাপান (c) চিন (d) ইংল্যান্ড
43. 'ভারত ছাড় আন্দোলন' কবে প্রথম শুরু হয়েছিল?
(a) 1940 সালে (b) 1941 সালে (c) 1942 সালে (d) 1943 সালে
44. 'আরাবল্লী পর্বতশ্রেণী' কোন জাতীয়?
(a) ক্ষয়জাত পর্বত (b) আগ্নেয় পর্বত (c) স্তুপ পর্বত (d) ভঙ্গিল পর্বত
45. জুনা খাঁ কার ছদ্মনাম ছিল?
(a) ঔরঙ্গজেব (b) বাবর (c) শাহজাহান (d) মহম্মদ বিন তুঘলক
46. যদি LALGARH-এর সংকেতলিপি হয় MCOKFXO তাহলে ANDOLAN-এর একটি সম্ভাব্য সংকেতলিপি হবে:
(a) BQGSQGU (b) BPGTQGU (c) BPGSQGU (d) BPGSQGU
47. একটি সারিতে উপর হতে টিঙ্কুর স্থান 37তম এবং নীচ থেকে 32তম, ওই সারিতে মোট কতজন আছে?
(a) 68 (b) 67 (c) 66 (d) 65
48. অর্থবহভাবে সাজিয়ে লিখুন?
1. বৃষ্টি 2. বর্ষাকাল 3. উদ্ধারকার্য 4. বন্যা 5. আশ্রয় 6. ত্রাণ
(a) 1, 4, 5, 2, 3, 6 (b) 2, 1, 4, 3, 5, 6 (c) 6, 5, 4, 2, 1 (d) 4, 3, 5, 6, 2, 1
**নির্দেশ (49 and 50:** *শূন্যস্থান পূরণ করুন।*
49. 3, 10, 20, 33, 49, 68, ——.
(a) 80 (b) 85 (c) 88 (d) 90
50. 212, 179, 146, 113, —— .
(a) 78 (b) 79 (c) 80 (d) 81
51. যদি একটি বৃত্ত দ্বারা আয়তক্ষেত্র, আয়তক্ষেত্র দ্বারা ত্রিভুজ এবং ত্রিভুজ দ্বারা বৃত্ত বোঝানো হয় তবে একটি বালার আকার কী ধরনের হবে?
(a) গোলাকার (b) আয়তাকার (c) ত্রিভুজাকার (d) লম্বাকৃতি
52. কোন জোড়টি ভিন্নধর্মী?
(a) 7 – 49 (b) 6 – 36 (c) 8 – 64 (d) 4 – 9
53. DEPARTMENT শব্দটি থেকে কোন শব্দ গঠিত হবে না?
(a) RENTED (b) TEMPER (c) ENTER (d) PERMIT
54. সিরিজটি সম্পূর্ণ করুন:
a ___ bbc ___ aab ___ cca ___ bbcc.
(a) babc (b) acba (c) ccbb (d) abca
55. ? চিহ্নিত স্থানে কী বসবে?

| | | | |
|---|---|---|---|
| 1 | 4 | 9 | ? |
| 1 | 2 | 3 | 4 |
| 2 | 4 | 6 | ? |

(a) 16, 8 (b) 25, 3 (c) 5, 15 (d) 6, 17
56. CHOCOLATE শব্দটি দ্বারা কোন শব্দটি গঠন করা যায়?
(a) TELL (b) HEALTH (c) LATE (d) COOLER
**নির্দেশ (57 and 58):** *শূন্যস্থান পূরণ করুন:*
57. A, D, H, M, ____, Z
(a) T (b) S (c) N (d) O
58. 8, 24, _____, 56, 72
(a) 40 (b) 39 (c) 38 (d) 37
**নির্দেশ (59 and 60):** সঠিক সম্পর্ক নিরূপণ করুন:
59. ইট : ইমারত : : তুলা : ?
(a) রেশম (b) মিল (c) বীজ (d) কাপড়
60. মিষ্টি : মধু : : টক : ?
(a) লবণ (b) লঙ্কা (c) চিনি (d) আঙ্গুর

### উত্তর

1(b), 2(d), 3(b), 4(c), 5(d), 6(b), 7(a), 8(c), 9(b), 10(d), 11(a), 12(d), 13(c), 14(c), 15(b), 16(b), 17(c), 18(c), 19(b), 20(d), 21(d), 22(b), 23(a), 24(b), 25(c), 26(b), 27(d), 28(b), 29(a), 30(c), 31(d), 32(b), 33(b), 34(c), 35(d), 36(a), 37(c), 38(a), 39(b), 40(a), 41(b), 42(b), 43(c), 44(d), 45(d), 46(d), 47(a), 48(b), 49(d), 50(c), 51(b), 52(d), 53(d), 54(b), 55(a), 56(c), 57(b), 58(a), 59(d), 60(d).

এরপর আগামী সংখ্যায়
*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

156. ভারতীয় বিমান বাহিনীর Vice Chief of the Air Staff হিসেবে নিযুক্ত হলেন:
(a) নাগেশ কাপুর (b) অজয় সিংহল (c) জাহ্নবী কাপুর (d) লব আগরওয়াল

157. 23 সেপ্টেম্বর 2025-এ কোন শহরে তীব্র মেঘভাঙা বৃষ্টির ফলে ভয়াবহ বন্যা ও জলমগ্নতার সৃষ্টি হয়েছিল?
(a) শিলিগুড়ি (b) আসানসোল (c) কলকাতা (d) মেদিনীপুর

158. 2025-26 অর্থবর্ষের জন্য পশ্চিমবঙ্গের ঘাটাল মাস্টারপ্ল্যান প্রকল্পে কত টাকা বরাদ্দ করা হয়েছে?
(a) 200 কোটি (b) 500 কোটি (c) 800 কোটি (d) 1000 কোটি

159. 2026 সালের জানুয়ারিতে কোন কেন্দ্রীয় মন্ত্রক আয়ুষ ও কৃষকদের সহায়তার জন্য 'ন্যাশনাল আরোগ্য মেলা 2026' আয়োজন করেছে?
(a) কৃষিমন্ত্রক (b) আয়ুষ মন্ত্রক (c) স্বাস্থ্য মন্ত্রক (d) বাণিজ্য মন্ত্রক

160. 2025 সালের ফেব্রুয়ারিতে 'Triple Elimination Initiative' বা ত্রি-নির্মূল উদ্যোগ কত সাল পর্যন্ত চালু থাকবে?
(a) 2026 (b) 2027 (c) 2028 (d) 2030

161. বর্তমানে পশ্চিমবঙ্গের রাজ্যপাল কে?
(a) সি ভি আনন্দ বোস (b) আর এন রবি (c) নন্দিনী চক্রবর্তী (d) মনোজ পান্থ

162. 2025 সালে 'সাংস্কৃতিক মেলবন্ধন' ও নদী পর্যটনের লক্ষ্যে পশ্চিমবঙ্গের 'নদী বাঁধন' প্রকল্পে কত টাকা বরাদ্দ হয়েছে?
(a) 100 কোটি (b) 200 কোটি (c) 300 কোটি (d) 400 কোটি

163. 2025 সালে পশ্চিমবঙ্গে কোন নতুন উদ্ভিদ প্রজাতি আবিষ্কৃত হয়েছে?
(a) স্টেলারিয়া বেঙ্গালেনসিস (b) ইন্ডিকা কলকাতা (c) ওয়েস্টবেঙ্গলিয়া ফার্ণ (ঢেঁকি শাক) (d) কোনওটিই নয়

164. লোহিত সাগরে (Red Sea) বাণিজ্যিক জাহাজের ওপর হুতি বিদ্রোহীদের সাম্প্রতিক হামলার প্রেক্ষিতে, নীচের কোন অপারেশনটি মার্কিন যুক্তরাষ্ট্র দ্বারা চালু করা হয়েছে?
(a) অপারেশন ডেজার্ট স্টর্ম (b) অপারেশন প্রসপারিটি গার্ডিয়ান (c) অপারেশন ইন্ডিয়ান সেফগার্ড (d) অপারেশন কন্টিনেন্টাল ডিফেন্স

165. 2026 সালের ফেব্রুয়ারিতে কোন সংস্থা ভারতের চারটি রাজ্যে 'Road Safety Financing Project' চালু করেছে?
(a) বিশ্ব ব্যাঙ্ক (b) জাতিসংঘ (c) এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক (d) ভারত সরকার

166. 2025-26 অর্থবর্ষের বাজেটে পশ্চিমবঙ্গের গ্রামীণ এলাকায় 100% রাজ্য স্পনসরড আবাসন প্রকল্পের নাম কী?
(a) গীতাঞ্জলি (b) বাংলার বাড়ি (c) নিজগৃহ (d) সবুজ সাথী

167. 2026 সালের ফেব্রুয়ারিতে কোন দেশের সর্বকনিষ্ঠ এবং ঘোষিত সমকামী (Openly Gay) প্রধানমন্ত্রী হিসেবে রব জেটেনের নাম ঘোষণা করা হয়েছে?
(a) নরওয়ে (b) নেদারল্যান্ডস (c) ডেনমার্ক (d) ফিনল্যান্ড

168. 2025 সালে কোন দিন থেকে পশ্চিমবঙ্গ OBC তালিকা আপডেট করার সুপ্রিম কোর্টের নির্দেশ কার্যকর করার প্রক্রিয়া শুরু হয়?
(a) জানুয়ারি 1 (b) ফেব্রুয়ারি 15 (c) মার্চ 21 (d) এপ্রিল 10

169. সাম্প্রতিক সময়ে আলোচনার কেন্দ্রবিন্দুতে থাকা 'অপারেশন এপিক ফিউরি' নীচে কোনটির সঙ্গে সম্পর্কিত?
(a) রাশিয়া-ইউক্রেন দ্বন্দ্ব (b) ইজরায়েল-ইরান যুদ্ধ (c) মার্কিন যুক্তরাষ্ট্র কর্তৃক ইরানের উপর হামলা (d) ন্যাটো সামরিক মহড়া

170. 2025-26 অর্থবর্ষের জন্য পশ্চিমবঙ্গের বাজেটে কত টাকা (প্রায়) মোট বরাদ্দ করা হয়েছে?
(a) 2.50 লক্ষ কোটি (b) 3.0 লক্ষ কোটি (c) 3.89 লক্ষ কোটি (d) 4.50 লক্ষ কোটি

171. 2026 সালের ফেব্রুয়ারিতে কোন রাজ্য 'Fire Warrior' ড্রাইভ চালু করেছে দাবানল (Forest Fires) মোকাবিলার জন্য?
(a) আসাম (b) ঝাড়খণ্ড (c) উত্তরাখণ্ড (d) কেরল

172. 2025-26 অর্থবর্ষে পশ্চিমবঙ্গের কোন জেলায় 'Banglar Bari' প্রকল্পের দ্বিতীয় পর্যায় (Phase-II) কার্যকর করা হয়েছে?
(a) গ্রামীণ পশ্চিমবঙ্গ (b) কলকাতা (c) শিল্পাঞ্চল (d) উত্তরবঙ্গ

173. 2025 সালে বিশ্ব পরিবেশ দিবস (৫ জুন) উপলক্ষে কোন রাজ্য 'মাটির সৃষ্টি' প্রকল্পের বিশেষ সাফল্য উদযাপন করেছে।'
(a) কেরালা (b) পশ্চিমবঙ্গ (c) রাজস্থান (d) মহারাষ্ট্র

174. ক্লাউডেড লেপার্ড ন্যাশনাল পার্ক কোন রাজ্যে অবস্থিত?
(a) অরুণাচল প্রদেশ (b) জম্মু-কাশ্মীর (c) সিকিম (d) ত্রিপুরা

175. 2025 সালের 'প্রয়াগ কুম্ভ মেলা' কবে থেকে শুরু হয়েছিল?
(a) জানুয়ারি 13 (b) ফেব্রুয়ারি 1 (c) জানুয়ারি 1 (d) ডিসেম্বর 25

176. 2, 6, 12, 20, 30, ?
(a) 40 (b) 42 (c) 44 (d) 46

177. যদি 'HONEY'-কে লেখা হয় 'JQPGA', তবে 'SUGAR'-কে কী লেখা হবে?
(a) UWICT (b) TWICU (c) UWIDV (d) UVICV

178. বেমানানটি খুঁজে বের করুন:
(a) পারদ (b) সোনা (c) রুপো (d) তামা

179. রহিমের দিকে তাকিয়ে করিম বলল, 'সে আমার বাবার একমাত্র মেয়ের ছেলে'। রহিম করিমের কে হয়?
(a) ভাই (b) ভাগনে (c) কাকা (d) বাবা

180. একজন লোক উত্তর দিকে 3 কিলোমিটার গিয়ে তারপর পূর্বদিকে 4 কিলোমিটার গেল। শুরুর স্থান থেকে সে এখন কতদূরে আছে?
(a) 7 কিলোমিটার (b) 1 কিলোমিটার (c) 5 কিলোমিটার (d) 10 কিলোমিটার

181. নীচের সিরিজের পরবর্তী পদটি কী?
B, D, G, K, P, ?
(a) S (b) U (c) V (d) W

182. একজন ভদ্রলোককে দেখিয়ে একজন ভদ্রলোক বললেন, 'ইনি আমার শ্বশুরের একমাত্র কন্যার কন্যা'। ভদ্রলোকের সঙ্গে ওই ভদ্রমহিলার সম্পর্ক কী?
(a) মা (b) বোন (c) স্ত্রী (d) মেয়ে

183. লুপ্ত সংখ্যাটি খুঁজে বের করুন:
1, 4, 9, 16, 25, ?
(a) 30 (b) 35 (c) 36 (d) 49

184. একটি ছবির মহিলার দিকে তাকিয়ে অরুণ বললেন, 'উনি আমার ছেলের একমাত্র বোনের মা।' ওই মহিলা অরুণের কে হন?
(a) মা (b) স্ত্রী (c) বোন (d) মেয়ে

185. A, C, F, J, ?, U
(a) L (b) M (c) O (d) P

186. যদি FAT = 27 হয়, তবে 'DOG' = ?
(a) 22 (b) 24 (c) 26 (d) 28

187. বেমানানটি চিহ্নিত করুন: জানুয়ারি, মার্চ, জুলাই, সেপ্টেম্বর।
(a) জানুয়ারি (b) মার্চ (c) জুলাই (d) সেপ্টেম্বর

188. A হল B-এর ভাই, C হল A-এর মা, D হল C-এর বাবা। B এবং D-এর সম্পর্ক কী?
(a) দাদু (b) নাতি (c) বাবা (d) কাকা

189. 8, 27, 64, 125, ?
(a) 216 (b) 196 (c) 225 (d) 250

190. আজ সোমবার হলে, 61 দিন পর কী বার হবে?
(a) মঙ্গলবার (b) বুধবার (c) শনিবার (d) রবিবার

191. যদি 'WATER'-কে লেখা হয় 'YCVGT', তবে 'FIRE' কে কী লেখা হবে?
(a) HKTG (b) GKTG (c) HKRF (d) JKTG

192. একটি সারিতে রাম বাঁদিক থেকে 10-ম এবং শ্যাম ডানদিক থেকে 11তম স্থানে আছে। তারা স্থান বিনিময় করলে রাম বাঁদিক থেকে 15তম হয়। সারিতে মোট কত জন আছে?
(a) 25 (b) 26 (c) 27 (d) 28

193. DOCTOR : PATIENT : : LAWYER : ?
(a) CUSTOMER (b) CLIENT (c) CRIMINAL (d) MAGISTRATE

194. B2E, D5H, F12K, H27N, ?
(a) J58Q (b) J56Q (c) I58P (d) K58Q

195. 1 থেকে 100-র মধ্যে 3 কতবার আছে?
(a) 11 (b) 18 (c) 20 (d) 21

196. Pen : Paper : : Paintbrush : ?
(a) Color (b) Canvas (c) Teacher (d) Wall

197. একটি ছবির দিকে তাকিয়ে এক মহিলা বললেন, 'এই লোকটির ছেলের বোন হলেন আমার শাশুড়ি।' ছবির লোকটির সঙ্গে মহিলার স্বামীর সম্পর্ক কী?
(a) নাতি (b) ছেলে (c) ভাইপো (d) জামাতা

198. যদি 1 = A, 2 = B হয়, তবে 121122 = ?
(a) ABABB (b) ABABBV (c) LAAB (d) ABAABB

199. নীচের সিরিজে প্রশ্নবোধক চিহ্ন (?) স্থানে কী বসবে?
AZ, CX, FU, ?
(a) IR (b) IV (c) JQ (d) KP

200. 4, 9, 13, 22, 35, ?
(a) 57 (b) 70 (c) 63 (d) 7

#### উত্তর

156(a), 157(c), 158(b), 159(b), 160(a), 161(c), 162(b), 163(a), 164(b), 165(b), 166(b), 167(b), 168(c), 169(b), 170(c), 171(b), 172(a), 173(b), 174(d), 175(a), 176(b), 177(a), 178(a), 179(b), 180(c), 181(c), 182(d), 183(c), 184(b), 185(c), 186(c), 187(d), 188(b), 189(a), 190(c), 191(a), 192(a), 193(b), 194(a), 195(c), 196(b), 197(a), 198(d), 199(c), 200(a).

#### সমাধান

176(b): $2 \xrightarrow{+4} 6 \xrightarrow{+6} 12 \xrightarrow{+8} 20 \xrightarrow{+10} 30 \xrightarrow{+12} 42.$

177(a):
H O N E Y
↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2
J Q P G A

একইভাবে,
S U G A R
↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2
U W I C T

178(a): পারদ একমাত্র তরল ধাতু।

179(b): আমার বাবার একমাত্র মেয়ে: করিমের বাবার একমাত্র মেয়ে হলেন করিমের বোন
তার ছেলে: করিমের বোনের ছেলেকে করিম ভাগনে বলে ডাকে। অর্থাৎ, করিমের বোনের ছেলে হল করিমের ভাগনে। যেহেতু করিম রহিমের দিকে তাকিয়ে কথাটি বলছে এবং রহিমই সেই ছেলে, তাই রহিম হল করিমের ভাগনে।

180(c): পিথাগোরাসের সূত্র $3^2 + 4^2 = \sqrt{25} = 5.$

181(c): $B \xrightarrow{+2} D \xrightarrow{+3} G \xrightarrow{+4} K \xrightarrow{+5} P \xrightarrow{+6} V.$

182(d): ব্যাখ্যা: ভদ্রলোক বললেন, 'ইনি আমার শ্বশুরের একমাত্র কন্যার কন্যা'।
আমার শ্বশুরের একমাত্র কন্যা = আমার স্ত্রী
আমার স্ত্রীর কন্যা = আমার মেয়ে, তাই মহিলাটি ভদ্রলোকের মেয়ে।

183(c):
1 4 9 16 25 **36**
↓ ↓ ↓ ↓ ↓ ↓
$1^2$ $2^2$ $3^2$ $4^2$ $5^2$ $6^2$

184(b): ব্যাখ্যা: ছেলের একমাত্র বোন মানে অরুণের মেয়ে। অরুণের মেয়ের মা হলেন অরুণের স্ত্রী।

185(c): $A \xrightarrow{+2} C \xrightarrow{+3} F \xrightarrow{+4} J \xrightarrow{+5} \mathbf{O} \xrightarrow{+6} U.$

186(c):
F A T
↓+6 ↓+1 ↓+20 = 27

একইভাবে,
D O G
↓+4 ↓+15 ↓+7 = 26.

187(d): সেপ্টেম্বর 30 দিনের, বাকি মাসগুলি 31 দিনের।

188(b):



∴ B, D-এর নাতি (যদি পুরুষ হয়)।

189(a):
8 27 64 125 **216**
↓ ↓ ↓ ↓ ↓
$2^3$ $3^3$ $4^3$ $5^3$ $6^3$

190(c): আজ সোমবার হলে, 61 দিন পর কী বার হবে?
$61 \div 7 = 8$ সপ্তাহ এবং 5 দিন অবশিষ্ট থাকে।
সোমবারের সঙ্গে 5 দিন যোগ করলে হয়: মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি।

191(a):
W A T E R
↓+2 ↓+2 ↓+2 ↓+2 ↓+2
Y C V G T

একইভাবে,
F I R E
↓+2 ↓+2 ↓+2 ↓+2
H K T G

192(a): (15 + 11 − 1) = 25.

193(b): Doctor : Patient (ডাক্তার : রোগী) একজন ডাক্তার বা চিকিৎসক যাকে চিকিৎসা সেবা প্রদান করেন, তাকে বলা হয় 'Patient' বা রোগী। অর্থাৎ, ডাক্তারের পেশাগত সেবার প্রধান লক্ষ্য বা গ্রহীতা হলেন রোগী।
Lawyer : Client (আইনজীবী : মক্কেল)
একইভাবে, একজন আইনজীবী বা উকিল যার পক্ষ হয়ে আইনি লড়াই করেন বা যাকে আইনি পরামর্শ/সেবা প্রদান করেন, তাকে বলা হয় 'Client' বা মক্কেল।

194(a):
+2 +2 +2 +2
B 2 E D 5 H F 12 K H 27 N J 58 Q
+3 +3 +3 +3

$(2 \times 2 + 1) = 5$, $(5 \times 2 + 2) = 12$, $(12 \times 2 + 3) = 27$
$(27 \times 2 + 4) = 58.$

195(c): 3, 13, 33, 43, 53, 63, 73, 83, 93
এবং 31, 32, 33, 34, 35, 36, 37, 38, 39
∴ 3, 20 বার।

196(c): Pen : Paper (কলম : কাগজ)
কলম দিয়ে আমরা সাধারণত কাগজের ওপর লিখি বা আঁকি।
অর্থাৎ, কলম ব্যবহারের প্রধান মাধ্যম বা তল হল কাগজ।
Paintbrush : Cancas (তুলি : ক্যানভাস)
একইভাবে, একজন শিল্পী, তুলি বা পেইন্টব্রাশ ব্যবহার করে প্রধানত ক্যানভাসের ওপর ছবি আঁকেন।

197(a): লোকটির ছেলের বোন মানে ওই লোকটির নিজের মেয়ে।
এই মেয়েটিই হলে ওই মহিলার শাশুড়ি।
মহিলার শাশুড়ির ছেলে কে?
মহিলার স্বামী।
তাহলে সম্পর্কটি দাঁড়ালো: লোকটির মেয়ের ছেলে = মহিলার স্বামী
মেয়ের ছেলেকে আমরা কী বলি? নাতি।

198(d): 1 = A, 2 = B,
1 2 1 1 2 2
A B A A B B

199(c):
+2 +3 +4
AZ CX FU JQ
−2 −3 −4

200(a): এটি একটি যোগফল ভিত্তিক সিরিজ (4 + 9) = 13
(9 + 13) = 22, (13 + 22) = 35, (22 + 35) = 57.

*প্রস্তুত করেছেন: কমল বৈদ্য*

#### ভ্রম সংশোধন

গত সংখ্যার 'কর্মক্ষেত্রে' প্রকাশিত ডব্লু বি সি এস প্রিলিমিনারি' পরীক্ষার 51, 53, 55, 56 ও 57 নম্বর প্রশ্নের উত্তর ভুল ছাপা হয়েছে। সঠিক উত্তরগুলি পড়তে হবে: 51(a), 53(b), 55(b), 56(c), 57(a).
অনিচ্ছাকৃত এই ত্রুটির জন্য আমরা আন্তরিক দুঃখিত।

# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## ভারতের জাতীয় উদ্যান

ভারতের জাতীয় উদ্যানগুলি মূলত বন্যপ্রাণী, উদ্ভিদ এবং প্রকৃতির বাস্তুতান্ত্রিক পরিবেশকে আদি ও অকৃত্রিম অবস্থায় সুরক্ষিত করার উদ্দেশ্যে সংরক্ষিত এলাকা।

এই এলাকাগুলি ১৯৭২ সালের বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন (Wildlife Protection Act– 1972) দ্বারা অত্যন্ত কঠোরভাবে পরিচালিত। এই আইনের অধীনে জাতীয় উদ্যানে মানুষের বিভিন্ন কর্মকাণ্ড যেমন– শিকার করা, পশুপালন, গাছ কাটা বা বনজ সম্পদের বাণিজ্যিক ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হয়েছে।

- ভারতে বর্তমানে মোট জাতীয় উদ্যানের সংখ্যা ১১০টি (২০২৬ অনুযায়ী)।
- সব মিলিয়ে জাতীয় উদ্যানের মোট আয়তন ভারতের সমগ্র আয়তনের ১.৩৩ শতাংশ।
- ভারতের প্রথম জাতীয় উদ্যান উত্তরাখণ্ডের জিম করবেট জাতীয় উদ্যান (১৯৩৬)।
- ভারতের বৃহত্তম জাতীয় উদ্যান লাদাখের হেমিস জাতীয় উদ্যান (আয়তন ৪৪০০ বর্গকিমি প্রায়)।
- ভারতের ক্ষুদ্রতম জাতীয় উদ্যান আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের দক্ষিণ বাটন দ্বীপপুঞ্জ (আয়তন ০.০৩ বর্গকিমি প্রায়)।
- সর্বশেষ ঘোষিত জাতীয় উদ্যান ওড়িশার সিমলিপাল জাতীয় উদ্যান (এপ্রিল, ২০২৫)।
- ভারতের ভাসমান জাতীয় উদ্যান মনিপুরের কেইবুল লামজাও।
- ভারতের সামুদ্রিক জাতীয় উদ্যান গুজরাটের কচ্ছ উপসাগরে অবস্থিত মেরিন জাতীয় উদ্যান।

### ভারতের প্রধান প্রধান জাতীয় উদ্যান

| রাজ্য /কেন্দ্র শাসিত অঞ্চল | জাতীয় উদ্যান | প্রতিষ্ঠাবর্ষ |
|---|---|---|
| আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ (৯) | নর্থ বাটন আইল্যান্ড জাতীয় উদ্যান | ১৯৭৯ |
| | মিডল বাটন আইল্যান্ড জাতীয় উদ্যান | ১৯৭৯ |
|  | মহাত্মা গান্ধী মেরিন জাতীয় উদ্যান | ১৯৮৩ |
| | মাউন্ট হ্যারিয়েট জাতীয় উদ্যান | ১৯৮৭ |
|  | স্যাডল পিক জাতীয় উদ্যান | ১৯৮৭ |
| | সাউথ বাটন আইল্যান্ড জাতীয় উদ্যান | ১৯৮৭ |
| | ক্যাম্পবেল উপসাগর জাতীয় উদ্যান | ১৯৯২ |
|  | গ্যালাথিয়া জাতীয় উদ্যান | ১৯৯২ |
| | রানি ঝাঁসি মেরিন জাতীয় উদ্যান | ১৯৯৬ |
| অন্ধ্রপ্রদেশ (৩) | শ্রী ভেঙ্কটেশওয়ারা জাতীয় উদ্যান | ১৯৮৯ |
|  | রাজীব গান্ধী (রামেশ্বরম) জাতীয় উদ্যান | ২০০৫ |
| | পাপিকোন্ডা জাতীয় উদ্যান | ২০০৮ |
| অরুণাচল প্রদেশ (২) | নামদাফা জাতীয় উদ্যান | ১৯৮৩ |
| | মাউলিং জাতীয় উদ্যান | ১৯৮৬ |
| আসাম (৮) | কাজিরাঙা জাতীয় উদ্যান | ১৯৭৪ |
|  | মানস জাতীয় উদ্যান | ১৯৯০ |
| | নামেরি জাতীয় উদ্যান | ১৯৯৮ |
|  | ডিব্রু-সাইখোয়া জাতীয় উদ্যান | ১৯৯৯ |
| | ওরাং জাতীয় উদ্যান | ১৯৯৯ |
|  | রাইমোনা জাতীয় উদ্যান | ২০২১ |
| | দেহিং-পাটকই জাতীয় উদ্যান | ২০২১ |
| | শিকনা জওলাও জাতীয় উদ্যান | ২০২৫ |
| বিহার (১) | বাল্মীকি জাতীয় উদ্যান | ১৯৮৯ |
| ছত্তিশগড় (৩) | গুরু ঘাসিদাস (সঞ্জয়) জাতীয় উদ্যান | ১৯৮১ |
|  | ইন্দ্রাবতী জাতীয় উদ্যান | ১৯৮২ |
| | কাঙ্গের ভ্যালি জাতীয় উদ্যান | ১৯৮২ |
| হরিয়ানা (২) | সুলতানপুর জাতীয় উদ্যান | ১৯৯১ |
| | কালেসর জাতীয় উদ্যান | ২০০৩ |
| হিমাচল প্রদেশ (৫) | গ্রেট হিমালয়ান জাতীয় উদ্যান | ১৯৮৪ |
|  | পিন ভ্যালি জাতীয় উদ্যান | ১৯৮৭ |
| | ইন্দরকিল্লা জাতীয় উদ্যান | ২০১০ |
| | ক্ষীর গঙ্গা জাতীয় উদ্যান | ২০১০ |
| | কর্নেল শের জঙ্গ জাতীয় উদ্যান | ২০১০ |
| গোয়া (১) | ভগওয়ান মহাবীর (মোল্লেম) জাতীয় উদ্যান | ১৯৭৮ |
| ঝাড়খণ্ড (১) | বেতলা জাতীয় উদ্যান | ১৯৮৬ |

| রাজ্য /কেন্দ্র শাসিত অঞ্চল | জাতীয় উদ্যান | প্রতিষ্ঠাবর্ষ |
|---|---|---|
| গুজরাট (৪) | বাঁসদা জাতীয় উদ্যান | ১৯৭৯ |
|  | ব্ল্যাকবাক (ভেলাভাদর) জাতীয় উদ্যান | ১৯৭৬ |
| | গির জাতীয় উদ্যান | ১৯৬৫ |
| | মেরিন (কচ্ছের রণ) জাতীয় উদ্যান | ১৯৮২ |
| জম্মু ও কাশ্মীর (৪) | দাচিগ্রাম জাতীয় উদ্যান | ১৯৮১ |
|  | কিশতওয়ার জাতীয় উদ্যান | ১৯৮১ |
| | সিটি ফরেস্ট (সেলিম আলি) জাতীয় উদ্যান | ১৯৮৬ |
| | কাজী নাগ জাতীয় উদ্যান | ১৯৯২ |
| লাদাখ (১) | হেমিস জাতীয় উদ্যান | ১৯৮১ |
| কর্নাটক (৫) | বন্দিপুর জাতীয় উদ্যান | ১৯৭৩ |
|  | বানেরঘাটা জাতীয় উদ্যান | ১৯৭৪ |
| | আনশি জাতীয় উদ্যান | ১৯৮৭ |
|  | কুদ্রেমুখ জাতীয় উদ্যান | ১৯৮৭ |
| | নাগারহোল (রাজীব গান্ধী) জাতীয় উদ্যান | ১৯৮৮ |
| কেরল (৬) | এরাভিকুলাম জাতীয় উদ্যান | ১৯৭৮ |
|  | পেরিয়ার জাতীয় উদ্যান | ১৯৮২ |
| | সাইলেন্ট ভ্যালি জাতীয় উদ্যান | ১৯৮৪ |
|  | আনামুদি শোলা জাতীয় উদ্যান | ২০০৩ |
| | মাথিকেতন শোলা জাতীয় উদ্যান | ২০০৩ |
| | পাম্বাদুম শোলা জাতীয় উদ্যান | ২০০৩ |
| মধ্যপ্রদেশ (১১) | কানহা জাতীয় উদ্যান | ১৯৫৫ |
|  | মাধব জাতীয় উদ্যান | ১৯৫৯ |
| | বান্ধবগড় জাতীয় উদ্যান | ১৯৬৮ |
| | পেঞ্চ জাতীয় উদ্যান | ১৯৭৫ |
|  | বন বিহার জাতীয় উদ্যান | ১৯৭৯ |
| | পান্না জাতীয় উদ্যান | ১৯৮১ |
| | সঞ্জয় জাতীয় উদ্যান | ১৯৮১ |
|  | সাতপুরা জাতীয় উদ্যান | ১৯৮১ |
| | ঘুঘুয়া ফসিল জাতীয় উদ্যান | ১৯৮৩ |
| | মান্ডলা প্লান্ট ফসিলস জাতীয় উদ্যান | ২০১১ |
| | কুনো জাতীয় উদ্যান | ২০১৮ |
| মহারাষ্ট্র (৬) | তাড়োবা জাতীয় উদ্যান | ১৯৫৫ |
|  | গুগামল জাতীয় উদ্যান | ১৯৭৪ |
| | নভেগাঁও জাতীয় উদ্যান | ১৯৭৫ |
|  | পেঞ্চ (জওহরলাল নেহরু) জাতীয় উদ্যান | ১৯৭৫ |
| | সঞ্জয় গান্ধী (বোরিভলি) জাতীয় উদ্যান | ১৯৯৬ |
| | চান্দোলি জাতীয় উদ্যান | ২০০৪ |

| রাজ্য /কেন্দ্র শাসিত অঞ্চল | জাতীয় উদ্যান | প্রতিষ্ঠাবর্ষ |
|---|---|---|
| মণিপুর (২) | কেইবুল-লামজাও জাতীয় উদ্যান | ১৯৭৭ |
| | শিরোই জাতীয় উদ্যান | ১৯৮২ |
| মেঘালয় (২) | বালফাকরাম জাতীয় উদ্যান | ১৯৮৫ |
| | নোকরেক রিজ জাতীয় উদ্যান | ১৯৮৬ |
| মিজোরাম (২) | মুরলেন জাতীয় উদ্যান | ১৯৯১ |
| | ফওয়াংপুই ব্লু মাউন্টেন জাতীয় উদ্যান | ১৯৯২ |
| নাগাল্যান্ড (১) | ইনটাংকি জাতীয় উদ্যান | ১৯৯৩ |
| ওড়িশা (২) | ভিতরকণিকা জাতীয় উদ্যান | ১৯৮৮ |
| | সিমলিপাল জাতীয় উদ্যান | ২০২৫ |
| রাজস্থান (৫) | রণথম্ভোর জাতীয় উদ্যান | ১৯৮০ |
|  | ডেজার্ট জাতীয় উদ্যান | ১৯৮১ |
| | কেওলাদেও ঘানা জাতীয় উদ্যান | ১৯৮১ |
|  | সরিস্কা জাতীয় উদ্যান | ১৯৮২ |
| | মুকুন্দ্র হিলস জাতীয় উদ্যান | ২০০৪ |
| সিকিম (১) | কাঞ্চনজঙ্ঘা জাতীয় উদ্যান | ১৯৭৭ |
| তামিলনাড়ু (৫) | মান্নার উপসাগর সামুদ্রিক জাতীয় উদ্যান | ১৯৭৪ |
|  | গিন্ডি জাতীয় উদ্যান | ১৯৭৭/৭৮ |
| | ইন্দিরা গান্ধী (আন্নামালাই) জাতীয় | ১৯৮৯ |
| | উদ্যান | |
|  | মুদুমালাই জাতীয় উদ্যান | ১৯৯০ |
| | মুকুরথি জাতীয় উদ্যান | ১৯৯০ |
| তেলেঙ্গানা (৩) | মহাবীর হরিণ বনস্থলী জাতীয় উদ্যান | ১৯৭৫ |
| | মৃগাভানি জাতীয় উদ্যান | ১৯৯৪ |
| | কাসু ব্রহ্মানন্দ রেড্ডি জাতীয় উদ্যান | ১৯৯৮ |
| ত্রিপুরা (২) | ক্লাউডেড লেপার্ড জাতীয় উদ্যান | ২০০৭ |
| | বাইসন (রাজবাড়ি) জাতীয় উদ্যান | ২০০৭ |
| উত্তরপ্রদেশ (১) | দুধওয়া জাতীয় উদ্যান | ১৯৭৭ |
| উত্তরাখণ্ড (৬) | জিম করবেট জাতীয় উদ্যান | ১৯৩৬ |
|  | গোবিন্দ পশু বিহার জাতীয় উদ্যান | ১৯৫৫ |
| | নন্দাদেবী জাতীয় উদ্যান | ১৯৮২ |
|  | ভ্যালি অব ফ্লাওয়ার্স জাতীয় উদ্যান | ১৯৮২ |
| | রাজাজি জাতীয় উদ্যান | ১৯৮৩ |
| | গঙ্গোত্রী জাতীয় উদ্যান | ১৯৮৯ |
| পশ্চিমবঙ্গ (৬) | বক্সা জাতীয় উদ্যান | ১৯৮৩ |
|  | সুন্দরবন জাতীয় উদ্যান | ১৯৮৪ |
| | নেওড়া ভ্যালি জাতীয় উদ্যান | ১৯৮৬ |
|  | সিঙ্গালিলা জাতীয় উদ্যান | ১৯৮৬ |
| | গরুমারা জাতীয় উদ্যান | ১৯৯২ |
| | জলদাপাড়া জাতীয় উদ্যান | ২০১২ |

### ইউনেস্কো স্বীকৃত জাতীয় উদ্যান, অভয়ারণ্য এবং জীববৈচিত্র অঞ্চল

| জাতীয় উদ্যান | অবস্থান | স্বীকৃতি বছর |
|---|---|---|
| কাজিরাঙা জাতীয় উদ্যান | আসাম | ১৯৮৫ |
| কেওলাদেও ঘানা জাতীয় উদ্যান | রাজস্থান | ১৯৮৫ |
| মানস অভয়ারণ্য | আসাম | ১৯৮৫ |
| সুন্দরবন জাতীয় উদ্যান | পশ্চিমবঙ্গ | ১৯৮৭ |
| নন্দাদেবী এবং ভ্যালি অব ফ্লাওয়ার্স জাতীয় উদ্যান | উত্তরাখণ্ড | ১৯৮৮/২০০৫ |
| পশ্চিমঘাট পর্বতমালা | কর্নাটক, কেরল এবং তামিলনাড়ু | ২০১২ |
| গ্রেট হিমালয়ান জাতীয় উদ্যান | হিমাচল প্রদেশ | ২০১৪ |
| কাঞ্চনজঙ্ঘা জাতীয় উদ্যান | সিকিম | ২০১৬ |

স্বনির্ভরতার সন্ধান

# রঙিন মাছের চাহিদা উপার্জনের দিশা দেখাচ্ছে

**সৌন্দর্যায়নের জন্য অ্যাকোয়ারিয়ামে রাখা রঙিন মাছের ব্যবসায় উপার্জন ভালো। পশ্চিমবঙ্গ রঙিন মাছের রপ্তানিতে দেশের মধ্যে প্রথম সারিতে রয়েছে। স্বল্প পুঁজিতে চৌবাচ্চা কিংবা অ্যাকোয়ারিয়ামে রঙিন মাছ চাষ করা যায়। তবে প্রশিক্ষণ নেওয়া থাকলে ব্যবসা করতে সুবিধা হবে। সরকারি ও বেসরকারি স্তরে রঙিন মাছ চাষের প্রশিক্ষণ দেওয়া হয়।**

**নিজস্ব প্রতিনিধি:** রঙিন মাছকে কেন্দ্র করে বিশ্ব জুড়ে চলে বাণিজ্য। পৃথিবীতে রঙিন মাছের মোট চাহিদার ৬৫ শতাংশ সরবরাহ করে ভারত, বাংলাদেশ, মালয়েশিয়া, চিন ও থাইল্যান্ড। ভারতে উৎপাদিত মোট রঙিন মাছের সিংহভাগ উৎপন্ন হয় পশ্চিমবঙ্গে। বর্তমানে রাজ্যের প্রায় ১০ লক্ষ মানুষ রঙিন মাছের চাষ, সরবরাহ, ব্যবসার সঙ্গে যুক্ত আছেন। বাড়ি, রেস্তোরাঁ, হোটেলের রিসেপশন, দোকান, ডাক্তারখানা সহ বিভিন্ন জায়গায় সৌন্দর্যায়নের জন্য ব্ল্যাক মলি, গাপ্পি, সোর্ডটেল প্লেটি, অ্যাঞ্জেল ফিশ, ফায়ারমাউথ, ফাইটিং ফিশ ইত্যাদি নানা ধরনের রঙিন মাছ রাখা হয় অ্যাকোয়ারিয়ামে। শুধু সৌন্দর্যের জন্য নয়, ম্যালেরিয়া ও ডেঙ্গি দমনের জন্য গাপ্পি মাছের চাহিদা খুবই বেশি। মশার লার্ভা খেয়ে গাপ্পি মাছ মশার উৎপাত কমায়। ফলে এই মাছ চাষ বেশ লাভজনক।

বেকার তরুণ-তরুণী এবং স্বনির্ভর গোষ্ঠীগুলি রঙিন মাছ চাষের উদ্যোগ নিলে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের তরফে আর্থিক সহায়তা পেতে পারেন। রঙিন মাছের ব্যবসায় লাভ অনেক বেশি। চৌবাচ্চা, অ্যাকোয়ারিয়াম, তা না থাকলে গামলাতেই মাছের চাষ শুরু করা যায়। দু' ধরনের মাছ পাওয়া যায়। ডিম দেওয়া মাছ আর যারা ছানা দেয়। সেক্ষেত্রে মাছের মীন কিনে এনে চাষ শুরু করা যায়।

তবে নিয়মিত জল পরিষ্কার করা, খাবার দেওয়া, মাছের স্বাস্থ্য ঠিক রাখার উপর নজর দিতে হবে। এ জন্য রঙিন মাছ চাষের প্রশিক্ষণ নেওয়া থাকলে সুবিধা হবে। সরকারি তরফে ব্লকভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা আছে। এছাড়া কল্যাণী বিশ্ববিদ্যালয়, নীমপীঠ রামকৃষ্ণ আশ্রমের কৃষিবিজ্ঞান কেন্দ্র, সারগাছি রামকৃষ্ণ আশ্রমের কৃষিবিজ্ঞান কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হয়।

## প্রশিক্ষণ

রঙিন মাছ চাষের প্রশিক্ষণ দেওয়া হয় কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অ্যাডাল্ট এডুকেশন সেন্টারে। শিক্ষাগত যোগ্যতা: অষ্টম শ্রেণি পাশ। যে-কোনও বয়সের পুরুষ ও মহিলা এই প্রশিক্ষণ নিতে পারেন। প্রশিক্ষণের খরচ ১,০০০ টাকা। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়। এই সার্টিফিকেট প্রয়োজনে এই ব্যবসার জন্য ঋণ পেতে সাহায্য করবে। ব্যবসা করার সময় যে-কোনও সমস্যায় এই বিভাগের শিক্ষকেরা সাহায্য করেন। যোগাযোগ: (০৩৩) ২৫৮০-৮৩৭১, ৯৮৩০৯-৪৫০৯৫, ৭৯৮০৯-৬৯৬৭১। ফোন করার সময় সকাল ১১টা থেকে বিকেল ৫টা।

এ ছাড়া জয়নগরের নিমপীঠ রামকৃষ্ণ আশ্রমের কৃষিবিজ্ঞান কেন্দ্র ও সারগাছির রামকৃষ্ণ মিশন আশ্রমের কৃষিবিজ্ঞান কেন্দ্রে বছরের বিভিন্ন সময় রঙিন মাছ চাষের প্রশিক্ষণ নিখরচায় দেওয়া হয়। বিধানসভা নির্বাচন মিটলে সারগাছিতে প্রশিক্ষণ শুরু হবে। আগ্রহীরা তখন যোগাযোগ করতে পারেন। প্রতিষ্ঠানে গিয়ে আবেদনের ফর্ম পূরণ করে আসতে হবে।

যোগাযোগ: নিমপীঠ রামকৃষ্ণ আশ্রম কৃষিবিজ্ঞান কেন্দ্র, হোয়াটসঅ্যাপ: ৮২৪০৪-৩২৯৬৩।

সারগাছি রামকৃষ্ণ মিশন আশ্রম কৃষিবিজ্ঞান কেন্দ্র, ফোন: ৯৪৩৪১-২০৯৭০ (বেলা ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত)।

# ইন্ডিয়া স্পেস ল্যাবের গ্রীষ্মকালীন প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** গ্রীষ্মকালীন ইন্টার্নশিপ আয়োজন করবে ইন্ডিয়া স্পেস ল্যাব। অনলাইন প্রশিক্ষণ। শেখানো হবে অ্যাডভান্সড ড্রোন টেকনোলজি, স্যাটেলাইট, রকেট্রি, রিমোট সেন্সিং (জিআইএস), ডিজাস্টার ম্যানেজমেন্ট ইত্যাদি। প্রশিক্ষণ শেষে ইন্ডিয়া স্পেস ল্যাবের তরফে শংসাপত্র দেওয়া হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কারা আবেদন করবেন:** স্নাতক, স্নাতকোত্তর এবং পিএইচডি ডিগ্রিধারী ও যাঁরা এই সব স্তরে পড়াশোনা ও গবেষণা করছেন, প্রশিক্ষণে অংশ নিতে আবেদন করতে পারেন।

**রেজিস্ট্রেশন ফি:** ৯৫০ টাকা।

**ইন্টার্নশিপের মেয়াদ:** দু'টি ব্যাচে প্রশিক্ষণ হবে। প্রথম ব্যাচের ইন্টার্নশিপ ১ মে থেকে ১৫ জুন। দ্বিতীয় ব্যাচের ইন্টার্নশিপ শুরু হবে ১৭ জুন, চলবে ৪ জুলাই পর্যন্ত।

**আসনসংখ্যা:** প্রথম ব্যাচে ১২৭০। দ্বিতীয় ব্যাচে ১০৪৫।

**আবেদনের শেষ তারিখ:** প্রথম ব্যাচে ভর্তির ক্ষেত্রে ২৭ এপ্রিল এবং দ্বিতীয় ব্যাচের ক্ষেত্রে ১০ জুন।

**আবেদন করবেন কী ভাবে:** আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://isl.internship.indiaspaceweek.org/

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: https://isl.ac.in/

# ব্যাঙ্কে অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষা নভেম্বর থেকে জানুয়ারির মধ্যে

**নিজস্ব প্রতিনিধি:** ১১টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদের পরীক্ষার সম্ভাব্য সূচি প্রকাশ করেছে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। এই সংস্থাই প্রাথমিক প্রার্থী বাছাইয়ের দায়িত্বে রয়েছে।

## অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস)

প্রিলিমিনারি পরীক্ষা ৬, ১২ ও ১৩ ডিসেম্বর। মেন পরীক্ষা ২০২৭-এর ৩০ জানুয়ারি।

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারবেন। কাজ চালানোর মতো কম্পিউটার জানতে হবে। যে-রাজ্যের শূন্যপদে আবেদন করবেন, সেখানকার আঞ্চলিক ভাষা লিখতে, পড়তে ও বলতে জানতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে।

## অফিসার স্কেল-ওয়ান

প্রিলিমিনারি পরীক্ষা ২১ ও ২২ নভেম্বর। মেন পরীক্ষা ২০ ডিসেম্বর। যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারবেন। তবে চাকরির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন এগ্রিকালচার, হর্টিকালচার, ফরেস্ট্রি, অ্যানিম্যাল হাজবেন্ড্রি, ভেটেরিনারি সায়েন্স, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, এগ্রিকালচারাল মার্কেটিং অ্যান্ড কো-অপারেশন, পিসিকালচার, ইনফর্মেশন টেকনোলজি, ম্যানেজমেন্ট, আইন, ইকনমিক্স, অ্যাকাউন্ট্যান্সির ডিগ্রিধারীরা। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

উল্লেখ্য, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে অফিস অ্যাসিস্ট্যান্ট ও অফিসার স্কেল-ওয়ান পদে আবেদনের জন্য কোনও অভিজ্ঞতার প্রয়োজন হয় না।




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in